# এনাম কমিটির প্রতিবেদন পর্যালোচনা : লোকবল, কাঠামো বিন্যাস এবং অন্যান্য বিষয়ে কাম্য পরিবর্তন

(বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর উপর একটি ঘটনা সমীক্ষা)


রফিকুল ইসলাম ভুঞা

মুহম্মদ আব্দুস সালাম

মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন

আ,ক,ম, মাহবুবুজ্জামান



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

জুন, ১৯৯৩

## কৃতজ্ঞতা স্বীকার

"এনাম কমিটির প্রতিবেদন পর্যালোচনা" শীর্ষক ঘটনা সমীক্ষাটি সম্পাদনের ক্ষেত্রে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর মহা-পরিচালক ড: আশরাফ উদ্দিন আহমেদ, পরিচালক ড: এম,এ, মান্নান, উপ-পরিচালক মো: আব্দুল মতিন এবং উপ-পরিচালক কানিজ ফাতেমা সর্বোতভাবে সহায়তা প্রদান করেছেন । তাঁদের সবার প্রতি আমরা কৃতজ্ঞ । একাডেমীর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী যাঁরা তাঁদের মূল্যবান সময় নষ্ট করে একাডেমীর বিভিন্ন প্রকল্প প্রদর্শনে এবং নথিপত্র পর্যালোচনায় সহযোগিতা করেছেন, তাঁদের প্রতি আমাদের আন্তরিক ধন্যবাদ রইলো ।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের গবেষণা কর্মকর্তা জনাব এস,এম, জোবায়ের এনামুল করিম উপাত্ত সংগ্রহে তাঁর নিবিড় সহায়তা প্রদান করেছেন । তাঁর সহায়তা ছাড়া উপাত্ত সংগ্রহ সমাপ্ত করা সম্ভব হতোনা । তাঁকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাই । কেন্দ্রের ষ্টেনোগ্রাফার জনাব নাজির আহমদ এবং ষ্টেনো টাইপিষ্ট জনাব আলতাফ হোসেন দ্রুত টাইপিং ও প্রতিবেদনের ওয়ার্ড প্রসেসিংয়ের কাজ সমাপ্তকরণে কঠোর শ্রম প্রদান করেছেন । তাঁদের জন্য আমাদের ধন্যবাদ রইলো । অন্যান্য যাঁরা সমীক্ষা পরিচালনায় ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা করেছেন, আমারা তাদের প্রতি কৃতজ্ঞ রইলাম ।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ
কেন্দ্র, সাভার, ঢাকা
২৫শে জুন, ১৯৯৩

গবেষকবৃন্দ

# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | প্রথম অধ্যায় | ১ |
| ১.১ | এনাম কমিটির গঠণ, কার্যক্রম | ১ |
| ১.২ | গবেষণার গুরুত্ব ও যৌক্তিকতা | ২ |
| ১.৩ | গবেষণার উদ্দেশ্যাবলী | ৩ |
| ১.৪ | গবেষণার পরিধি | ৩ |
| ২. | দ্বিতীয় অধ্যায় | ৫ |
| ২.১ | গবেষণার ধরন | ৫ |
| ২.২ | উপাত্ত সংগ্রহ পদ্ধতি | ৫ |
| ২.৩ | উপাত্ত সংগ্রহকারী ও কাল | ৫ |
| ২.৪ | উপাত্ত বিশ্লেষণ | ৫ |
| ২.৫ | প্রতিবেদন পরিকল্পনা | ৬ |
| ২.৬ | সীমাবদ্ধতা | ৬ |
| ৩. | তৃতীয় অধ্যায় | ৭ |
| ৩.১ | একাডেমীর সৃষ্টি উদ্দেশ্য | ৭ |
| ৩.২ | একাডেমীর অবস্থান ও ভৌত অবকাঠামো | ৭ |
| ৩.৩ | একাডেমীর ব্যবস্থাপনা | ৯ |
| ৩.৪ | বোর্ড অব গভর্ণরসের সদস্য তালিকা | ৯ |
| ৩.৫ | একাডেমীর প্রধান কার্যাবলী | ১০ |
| ৩.৬ | একাডেমীর কার্যাবলী বিশ্লেষণ | ১২ |
| ৩.৭ | ১৯৯০-৯১ অর্থ বছরে একাডেমীর প্রশিক্ষণ কার্যক্রম | ১২ |
| ৩.৮ | ১৯৯০-৯১ অর্থ বছরে একাডেমীর গবেষণা কার্যক্রম | ১৭ |
| ৩.৯ | সৃষ্টিলগ্নে একাডেমীর নির্ধারিত দায়িত্বাবলী | ২০ |
| ৩.১০ | সৃষ্টিলগ্নে একাডেমীর জন্য নির্ধারিত লোকবল | ২০ |

৪. চতুর্থ অধ্যায় ২৪

৪.১ এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবল ২৪

৪.২ এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবল পর্যালোচনা ২৫

৪.৩ এনাম কমিটির সুপারিশকৃত সংগঠন ছক ২৬

৪.৪ এনাম কমিটির পর্যালোচনাকালে একাডেমীর শূণ্য পদসমূহের বিশ্লেষণ ২৮

৪.৫ একাডেমীর বিভিন্ন পদের পদবী পরিবর্তন ২৮

৪.৬ একাডেমীর নামের পরিবর্তন ও দায়িত্বাবলীর পুনর্বিন্যাস ২৯

৪.৭ পূর্বের দায়িত্ব ও নতুন দায়িত্ব পর্যালোচনা ২৯

৪.৮ পুনর্বিন্যস্ত দায়িত্বাবলী পালনে সৃষ্ট পদ ও পরিবর্তিত সংগঠন কাঠামো ৩০

৪.৯ বর্ধিত পদসৃষ্টির ক্ষেত্রে বিবেচিত বিষয়াবলী ৩৩

৪.১০ এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট লোকবল ও বর্তমান সংগঠন ছকে বৃদ্ধিকৃত লোকবলের তুলনামূলক পর্যালোচনা ৩৪

৪.১১ প্রথম শ্রেণীর পদের তুলনামূলক বিশ্লেষণ ৩৫

৪.১২ দ্বিতীয় শ্রেণীর পদের তুলনামূলক বিশ্লেষণ ৩৬

৪.১৩ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদবৃদ্ধি বিশ্লেষণ ৩৭

৪.১৪ একাডেমীর বর্তমান মঞ্জুরীকৃত পদ ও শূণ্য পদের পর্যালোচনা ৩৮

৪.১৫ প্রথম শ্রেণীর শূণ্য পদের বিবরণ ৩৯

৪.১৬ একাডেমীর সরঞ্জামাদি তালিকা (টি ও ই) পর্যালোচনা ৪০

৫. পঞ্চম অধ্যায়

৫.০ একাডেমীর সম্পাদিত কার্যক্রম মূল্যায়ন ৪২

৬. ষষ্ঠ অধ্যায় ৪২

৬.১ পর্যালোচনা ৪৮

৬.২ সুপারিশ ৫০

৬.৩ উপসংহার ৫১

গ্রন্থপঞ্জি ৫২

পরিশিষ্ট ৫৩

## সারণী তালিকা


| সারণী নং | সারণী শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ১৯৯০-৯১ অর্থ বছরে অনুষ্ঠিত একাডেমীর প্রশিক্ষণ কার্যক্রমের বিবরণ | ১৩ |
| ২. | ১৯৯০-৯১ অর্থ বছরে অনুষ্ঠিত একাডেমীর কর্মশালা, সেমিনার ও সভার বিবরণ | ১৫ |
| ৩. | ১৯৯০-৯১ অর্থ বছরের প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের সার সংক্ষেপ | ১৬ |
| ৪. | মন্জুরীকৃত, বাস্তবে কর্মরত ও এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবলের তুলনা | ২৪ - ২৫ |
| ৫. | পর্যালোচনাকালে একাডেমীর শূণ্য পদের বিন্যাস | ২৮ |
| ৬. | এনাম কমিটি সৃষ্ট পদ ও বর্তমান মন্জুরীকৃত পদের তুলনা | ৩৪ |
| ৭. | এনাম কমিটি সৃষ্ট প্রথম শ্রেণীর পদ ও বর্তমানে মন্জুরীকৃত প্রথম শ্রেণীর পদের তুলনা | ৩৫ |
| ৮. | এনাম কমিটি সৃষ্ট দ্বিতীয় শ্রেণীর পদ ও বর্তমানে মন্জুরীকৃত দ্বিতীয় শ্রেণীর পদের তুলনা | ৩৬ |
| ৯. | মন্জুরীকৃত পদ ও বর্তমানে শূণ্য পদের বিবরণ | ৩৮ |
| ১০. | প্রথম শ্রেণীর মন্জুরীকৃত ও শূণ্য পদের পদওয়ারী বিবরণ | ৩৯ |
| ১১. | একাডেমীর প্রশিক্ষণের বিষয় এবং প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়িত সাল-ওয়ারী কার্যদিবস | ৪৩ - ৪৪ |
| ১২. | একাডেমী কর্তৃক সম্পাদিত গবেষণা প্রকল্পের ধরন ও সাল-ওয়ারী সংখ্যার বিন্যাস | ৪৫ |
| ১৩. | একাডেমী কর্তৃক প্রকল্প/কর্মসূচী ও প্রায়োগিক গবেষণার সাল-ওয়ারী বিন্যাস | ৪৬ - ৪৭ |

## প্রথম অধ্যায়

=========

# এনাম কমিটির গঠন, কার্যক্রম এবং গবেষণার যৌক্তিকতা, উদ্দেশ্য ও পরিধি

## ১.১ এনাম কমিটির গঠন ও কার্যক্রম

১৯৮২ সালে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং অধীনস্থ প্রতিষ্ঠান সমূহের সাংগঠনিক কাঠামো বিন্যাস (Organizational set-up) পুনর্বিবেচনা করার জন্য তদানীন্তন প্রধান সামরিক আইন প্রশাসকের নির্দেশে একটি কমিটি গঠন করা হয়। ৫ সদস্য বিশিষ্ট এই কমিটির চেয়ারম্যান ছিলেন বিগ্রেডিয়ার এনামুল হক খান। তাঁর নামানুসারে এই কমিটি 'এনাম কমিটি' নামে সমধিক পরিচিত। কমিটিকে প্রথম পর্যায়ে (Phase - 1) মন্ত্রণালয় ও বিভাগ এবং দ্বিতীয় পর্যায়ে (Phase - 2) অধিদপ্তর এবং অধীনস্থ প্রতিষ্ঠান সমূহের সাংগঠনিক কাঠামো বিন্যাস পুনর্বিবেচনা করার নির্দেশ দেওয়া হয়েছিল।

কমিটির নির্ধারিত দায়িত্ব ছিল :-

(ক) কর্মকর্তা, শাখা, অধিশাখা, উইং এবং ডিভিশন সমূহের নির্ধারিত দায়িত্বাবলী গভীর সতর্কতার সাথে পরীক্ষা করা এবং কাঙ্খিত পরিবর্তনের সুপারিশ করা;

(খ) শাখা পর্যায় পর্যন্ত প্রকৃত প্রয়োজনের প্রেক্ষাপটে বিদ্যমান/অনুমোদিত লোকবলের যৌক্তিকতা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা;

(গ) মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং অধীনস্থ সংস্থা সমূহের বিদ্যমান যানবাহন এবং প্রয়োজনীয়তা নিরীক্ষা করা;

(ঘ) উক্ত প্রতিষ্ঠান সমূহের টেলিফোন, বাসস্থান সুবিধা (বিবাহিত কর্মকর্তাদের জন্য) এবং সরন্জামাদি (Equipment) সংক্রান্ত নীতিমালাসমূহ পরীক্ষা করা;

(ঙ) প্রতিষ্ঠান সমূহের প্রশাসনিক অদক্ষতা, অনিয়মের ব্যাপারে পর্যবেক্ষণ লিপিবদ্ধ করা এবং দক্ষতা ও উন্নয়নের লক্ষ্যে পদক্ষেপ সমূহের সুপারিশমালা প্রণয়ন করা;

(চ) মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর এবং অধীনস্থ প্রতিষ্ঠান সমূহে এবং তাদের কার্যাবলীর যৌক্তিকতা সম্পর্কে সুপারিশ প্রণয়ন করা (পরবর্তীতে সংযুক্ত)।

উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে কমিটি মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর এবং অধীনস্থ সংস্থা সমূহের সাথে আলোচনা, সরেজমিন পরিদর্শন, কার্যক্রম পর্যবেক্ষণ,

সাক্ষাৎকার গ্রহণ, দলিল পত্র নিরীক্ষণ প্রভৃতি শেষে কমিটির চেয়ারম্যান বিগ্রেডিয়ার এনামুল হক খান ৩১শে মে, ১৯৮২ তারিখে সিএমএলএ সচিবালয়ে কমিটির প্রথম পর্যায়ে ১৯ খন্ডে প্রণীত প্রতিবেদন দাখিল করেন । এই প্রতিবেদন "এনাম কমিটি প্রতিবেদন" নামে পরিচিতি অর্জন করে এবং মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও অধীনস্থ সংস্থাসমূহে এই প্রতিবেদনের সুপারিশমালা বাস্তবায়িত হয় ।

এনাম কমিটির সুপারিশ বাস্তবায়নের পর দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন ঘটেছে এবং বিগত ১০ বছরে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহের কাঠামো, কর্মপরিধি, কর্মপ্রকৃতি প্রভৃতির বিভিন্ন তারতম্য ও অবস্থানান্তর ঘটেছে । পরবর্তিত পরিস্থিতিতে এনাম কমিটির সুপারিশসমূহের প্রয়োগ যোগ্যতা ও যথার্থতা যাচাইয়ের উদ্দেশ্যে বর্তমান গবেষণার উদ্যোগ নেয়া হয় ।

## ১.২ গবেষণার গুরুত্ব ও যৌক্তিকতা

রাষ্টীয় কর্পোরেশনের লোকবলের বিভিন্ন বিবরণ হতে দেখা যায়, অনেকগুলি কর্পোরেশনে বর্তমান লোকবল এনাম কমিটির সুপারিশের ভিত্তিতে অনুমোদিত লোকবল অপেক্ষা বেশী । অপরদিকে কোন কোন সংস্থায় তাদের কাজের পরিমাণের তুলনায় অনুমোদিত লোকবলের অপ্রতুলতা অনুভূত হচ্ছে । দৈনিক ভিত্তিতে নিয়োগ অথবা কারেন্ট চার্জের মাধ্যমে একজন কর্মকর্তা দিয়ে একটি বিভাগ দেখাশুনার কাজ চালানো এ সমস্ত সংস্থায় নিত্যদিনের ঘটনায় পরিণত হয়েছে । এমতাবস্থায় উন্নয়ন প্রশাসনকে গতিশীল ও স্বচ্ছন্দ পরিচালনা নিশ্চিত করার লক্ষ্যে লোকবলের পর্যাপ্ত পুন:নিরীক্ষণ প্রয়োজনীয় । বর্তমান গবেষণায় একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের লোকবল পর্যালোচনা করে অনুরূপ প্রতিষ্ঠান সমূহের লোকবলের পর্যাপ্ততা সম্পর্কে ধারণা পাওয়া যাবে ।

ইতোমধ্যে কতিপয় সংস্থার প্রধান কার্যালয়ের কার্যক্রমভিত্তিক লোকবলের প্রয়োজনীয়তা পুন:পরীক্ষার জন্য উপ-রাষ্ট্রপতির সচিবালয় থেকে সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ন-সচিব জনাব মো: মোতাহার হোসেনের সভাপতিত্বে একটি কমিটি গঠন করে কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদান করা হয়েছে । পরিবর্তিত প্রেক্ষাপট, পরিবর্তনশীল কর্মপরিবেশ এবং অনুভূত প্রয়োজনের তাগিদে এনাম কমিটির রিপোর্টের ওপর গভীর এবং পুঙখানুপুঙখ সমীক্ষা

পরিচালনা করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রসমূহে কাঙ্খিত পরিবর্তন চিহ্নিত করা দরকার, এই সত্যটি সরকারী প্রশাসনযন্ত্রও স্বীকার করছে । প্রস্তাবিত গবেষণার ফলাফলের পরিবর্তিত পরিস্থিতির আলোকে সংস্থার কাঠামো বিন্যাস, কাম্যলোকবল ও প্রয়োজনীয় সরন্জামাদি সম্পর্কে সরকারের নিকট সুপারিশ পেশ করা হবে । ফলে সরকার এনাম কমিটির রিপোর্টের প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনে সক্ষম হবে । সংশ্লিষ্ট সংস্থাসমূহও এই গবেষণার মাধ্যমে উপকৃত হবে ।

১.৩ গবেষণার উদ্দেশ্যাবলী

(ক) পল্লী উন্নয়ন একাডেমী (বগুড়া)-র কাঠামো, কর্মপরিধি ও কর্মপ্রকৃতির পরিপ্রেক্ষিতে এনাম কমিটির সুপারিশকৃত লোকবল ও সরন্জামাদির পর্যাপ্ততা বিশ্লেষণ;

(খ) বর্তমান কর্মপরিধি বিশ্লেষণপূর্বক পর্যাপ্ত লোকবল ও সরন্জামাদি এবং কাম্য পরিবর্তন সম্পর্কে সরকারের নিকট সুপারিশ পেশ করণ ।

১.৪ গবেষণার পরিধি

বর্তমান গবেষণাটি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, এর কাঠামো, লোকবল, কর্মপরিধি ও বিদ্যমান সরন্জামাদি বিশ্লেষণের মধ্যে সীমাবদ্ধ । গবেষণায় বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর -- (ক) লক্ষ্য ও উদ্দেশ্য; (খ) কর্মপরিধি; (গ) কর্মপ্রকৃতি; (ঘ) এনাম কমিটির সুপারিশকৃত লোকবল ও সরন্জামাদির পর্যাপ্ততা ও যথার্থতা; এবং (ঙ) প্রয়োজনীয় ও যৌক্তিক লোকবল ও সরন্জামাদি বিশ্লেষণ -- ইত্যাদি বিষয়সমূহ পর্যালোচনা করা হয় ।

১.৫ গবেষণায় ব্যবহৃত প্রত্যয় সমূহের কার্যকরী সংজ্ঞা

(ক) এনাম কমিটি প্রতিবেদন : ১৯৮২ সালে বিভিন্ন সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো পুনর্বিবেচনার জন্য ব্রিগেডিয়ার এনামুল হক খানের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক প্রণীত প্রতিবেদন ।

(খ) <u>লোকবল বিশ্লেষণ</u> : এনাম কমিটি কর্তৃক সুপারিশকৃত লোকবল সংশ্লিষ্ট সংস্থার কর্মপরিধি ও প্রকৃতি অনুসারে পর্যাপ্ত অথবা কম কিনা তা বিশ্লেষণ ।

(গ) <u>অন্যান্য বিষয়</u> : সংশ্লিষ্ট সংস্থার জন্য এনাম কমিটির সুপারিশকৃত 'টেবিল অব ইকুইপমেন্টস' এই গবেষণায় অন্যান্য বিষয় বলে বিবেচিত হবে ।

(ঘ) <u>কাম্য পরিবর্তন</u> : সংশ্লিষ্ট সংস্থার কর্মপরিধি ও প্রকৃতি অনুসারে পর্যাপ্ত ও যথার্থ লোকবল, সাংগঠনিক কাঠামো ও সরঞ্জামাদি বরাদ্দের জন্য এনাম কমিটির সুপারিশ পরিমার্জন, পরিবর্তন ও পরিবর্ধন ।

## দ্বিতীয় অধ্যায়

## গবেষণা পদ্ধতি ও সীমাবদ্ধতা

### ২.১ গবেষণার ধরন

বর্তমান সমীক্ষাটি একটি সংস্থার বিশ্লেষণধর্মী ঘটনা সমীক্ষা । এতে প্রাথমিক ও মাধ্যমিক উভয় উৎসের উপাত্ত ব্যবহৃত হয়েছে ।

### ২.২ উপাত্ত সংগ্রহ পদ্ধতি

সমীক্ষাধীন সংস্থার নথি পত্র, বার্ষিক প্রতিবেদন, জার্ণাল, বিভিন্ন বুলেটিন ও এনাম কমিটির রিপোর্ট পর্যালোচনা করা হয়েছে । নথি পত্রাদি পর্যালোচনা ছাড়াও পর্যবেক্ষণের মাধ্যমে সংস্থার কার্যক্রম ও সরন্জামাদি সরেজমিনে যাচাই করা হয়েছে এবং কর্মকর্তাবৃন্দের সংগে সংস্থার কার্যক্রম, লোকবল, সরন্জামাদি ও বিদ্যমান অবস্থা প্রসংগে অ-কাঠামোবদ্ধ সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে । পর্যবেক্ষণ, সাক্ষাৎকার এবং প্রয়োজনীয় বিষয়াবলী নথিপত্র থেকে গ্রহণ প্রাথমিক উপাত্তের অন্তর্ভুক্ত।প্রতিবেদন, বুলেটিন, জার্ণাল, তালিকা প্রভৃতি থেকে আহরিত বিষয়াদি মাধ্যমিক উপাত্তের অন্তর্ভুক্ত ।

### ২.৩ উপাত্ত সংগ্রহকারী ও কাল

সমীক্ষা সহযোগীদ্বয় যথাক্রমে বিপিএটিসি'র উপ-পরিচালক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও উধর্বতন গবেষণা কর্মকর্তা আ,ক,ম, মাহবুবুজ্জামান ১৯৯২ সালের আগষ্ট মাস থেকে ১৯৯৩ সালের মে মাস পর্যন্ত বিভিন্ন দফায় নমুনা সংস্থা থেকে উপাত্ত সংগ্রহ করেছেন । সাক্ষাৎকার প্রদানকারীদের মধ্যে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর মহা-পরিচালক, পরিচালকবৃন্দ এবং বিভিন্ন কর্মসূচীর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অন্যতম ।

### ২.৪ উপাত্ত বিশ্লেষণ

এনাম কমিটির প্রতিবেদনের আলোকে পরিমার্জিত লোকবল ও সরন্জামাদি তালিকাকে কেন্দ্র করে সংস্থাটির সৃষ্টিকাল ও বর্তমান কালের অবস্থা বিশ্লেষণ করা হয়েছে। বিভিন্ন পর্যায়ে লোকবলের পরিবর্তন ও শূন্য পদসমূহের সংখ্যা এবং তার ফলে সংস্থার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রভাব বিশ্লেষণ করা হয়েছে । প্রয়োজনীয় ক্ষেত্র সমূহে

তুলনাকরণের জন্য সারণী ব্যবহার করা হয়েছে, যাতে সামগ্রিক অবস্থার চিত্র একত্রে অবেলোকন সম্ভবপর হয় ।

## ২.৫ প্রতিবেদন পরিকল্পনা

প্রতিবেদনের প্রথম অধ্যায়ে এনাম কমিটির গঠন ও কার্যক্রম, গবেষণার যৌক্তিকতা, উদ্দেশ্যাবলী ও পরিধি আলোচিত হয়েছে । দ্বিতীয় অধ্যায়ে গবেষণা পদ্ধতি ও সীমাবদ্ধতা বিবৃত হয়েছে । সংস্থার সৃষ্টি, কার্যক্রম, কাঠামো, লোকবল ও বর্তমান অবস্থা বর্ণিত হয়েছে তৃতীয় অধ্যায়ে । চতুর্থ অধ্যায়ে এনাম কমিটির প্রতিবেদনের আলোকে লোকবলের পরিবর্তন এবং পরবর্তীকালে অধ্যাদেশের মাধ্যমে সৃষ্ট লোকবল সম্পর্কে পর্যালোচনা করা হয়েছে । সংস্থাটিকে এনাম কমিটির প্রতিবেদনের ভিত্তিতে পর্যালোচনাপূর্বক অন্যান্য সংস্থার জন্য কাঠামো, লোকবল ও টি,ও,ই (সরন্জামাদি তালিকা) এর কাম্য পরিবর্তন সম্পর্কে সুপারিশ ও উপসংহার পন্চম অধ্যায়ে সংস্থাপিত হয়েছে । এছাড়া তথ্য নির্দেশিকা ও পরিশিষ্ট প্রতিবেদনের শেষে সংযুক্ত হয়েছে ।

## ২.৬ সীমাবদ্ধতা

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী সম্পর্কিত ঘটনা সমীক্ষাটির ক্ষেত্রে প্রধান সীমাবদ্ধতা হলো সংস্থাটির ধারাবাহিক তথ্য প্রাপ্তির অপ্রতুলতা । ১৯৭৪ সালে কেন্দ্রটি সৃষ্টির লগ্ন থেকে বর্তমান কালাবধি বিভিন্ন সময়ের তথ্যাদির মধ্যে বেশ কিছু তথ্য পাওয়া কষ্টকর হয়েছে এবং কিছু কাম্য তথ্য পাওয়া সম্ভবপর হয়নি ।

দ্বিতীয়ত: ১৯৯০ সালে জারিকৃত অধ্যাদেশের ফলে কেন্দ্রটির কার্যক্রম ও লোকবলের আমূল পরিবর্তন সাধিত হয়েছে । এর পরিপ্রেক্ষিতে এনাম কমিটির প্রতিবেদন পর্যালোচনার গুরুত্ব যথেষ্ট কমে গেছে । কার্যক্রম ও লোকবলের পরিবর্তনের ফলে কার্যত: এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট কাঠামোটিই আর নেই । তাই পর্যালোচনার ফলাফল অন্যান্য সংস্থার ক্ষেত্রে তেমন বিবেচ্য হবেনা ।

তৃতীয়ত: এ সমীক্ষার বাজেট এত কম ছিল যে, বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর বিভিন্ন প্রকল্প বিশ্লেষণ ও উপকারভোগীদের সাক্ষাৎকার নেয়া সম্ভব হয়নি । অর্থাভাব না থাকলে পর্যালোচনার জন্য আরও তথ্য সংগ্রহ সম্ভব হতো ।

# তৃতীয় অধ্যায়

## বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর পরিচিতি : সৃষ্টি, সৃষ্টিকালীন কাঠামো, কার্যক্রম, লোকবল ও ধারাবাহিক উন্নয়ন

৩.১ পল্লী উন্নয়নের ক্ষেত্রে নিয়োজিত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় সরকার ও সমবায় নেতৃবৃন্দ, সেবচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহের কর্মী ও কৃষক প্রতিনিধিদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণদান এবং পল্লী উন্নয়নের বিভিন্ন সমস্যা সম্পর্কে গবেষণা ও মূল্যায়নের মাধ্যমে নতুন কর্মসূচী উদ্ভাবনের উদ্দেশ্যে বাংলাদেশের উত্তরাঞ্চলের বিশেষ অবস্থার কথা বিবেচনা করে সরকার কর্তৃক ১৯৭৪ সনের জুন মাসে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া প্রতিষ্ঠিত হয় । বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লার মত একই ধরনের উদ্দেশ্য, দায়িত্বাবলী ও সুবিধাদিসহ আরো একটি প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয়তা সত্তর দশকের শুরুতেই অনুভূত হয়েছিল । কারণ তখন থেকেই পল্লী উন্নয়নের প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের গুরুত্ব বৃদ্ধি পাচ্ছিল । গৌরবময় মুক্তি সংগ্রামের শেষে বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথে এ প্রয়োজনীয়তা আরো বেশী করে অনুভূত হতে থাকে । কারণ এ সময়ে পল্লী উন্নয়নের ক্ষেত্রে নতুন আশা আকাঙ্খা ও দায়িত্বের উদ্ভব ঘটে । বার্ডের ন্যায় একটি মাত্র প্রতিষ্ঠানের পক্ষে পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও গবেষণার দায়িত্ব সুষ্ঠু বাস্তবায়ন সম্ভব হচ্ছিল না । এই প্রেক্ষাপটে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রস্তাব অনুযায়ী এই একাডেমী প্রতিষ্ঠিত হয় । ১৯৭৪ সালে প্রথমে বগুড়া শহরে একটি ভাড়া করা বাড়ীতে একাডেমীর কাজ শুরু হয় । শেরপুরস্থ একাডেমীর বর্তমান নিজস্ব চত্বরে একাডেমী ১৯৮০ সন হতে কাজ শুরু করে ।

৩.২ <u>একাডেমীর অবস্থান ও ভৌত অবকাঠামো</u>

শহর জীবনের প্রায় সমস্ত আধুনিক সুবিধাসহ বর্তমান চত্বর গ্রামীণ এলাকা দ্বারা বেষ্টিত । বগুড়া শহর হতে ১৫ কি: মি: দক্ষিণে শেরপুর থানায় বগুড়া-ঢাকা মহা সড়কের পাশে একাডেমীটি স্থাপিত । একাডেমী হতে শেরপুর থানা সদর দফতরের দূরত্ব ৫ কি: মি: । রাজধানী শহর ঢাকার দূরত্ব এখান হতে প্রায় ২০০ কি: মি: ।

পল্লী এলাকায় অবস্থিত হওয়াতে প্রায়োগিক গবেষণা প্রকল্প পরিচালনা এবং প্রশিক্ষণার্থীদের বাস্তব ও সরজমিন প্রশিক্ষণে পল্লী এলাকায় প্রেরণে একাডেমী বিশেষ সুবিধা ভোগ করে থাকে । সমগ্র শেরপুর থানা একাডেমীর "ল্যাবরেটরী" এলাকা হিসেবে চিহ্নিত ।

একাডেমীর মোট আয়তন ১১৮.১৩ একর । যার মধ্যে খামার এলাকা ৮০ একর । বাকী ৩৮.১৩ একর একাডেমী অংগন ও আবাসিক এলাকা । খামারের মূল উদ্দেশ্য ফসল উৎপাদনের হার বৃদ্ধির জন্য উন্নত কৃষি বিষয়ক জ্ঞান ও প্রযুক্তি প্রয়োগ এবং একাডেমীতে আগত প্রশিক্ষণার্থী ও কৃষকদের এই পদ্ধতি প্রদর্শন করা । পশু পালন প্রকল্পও এই খামার প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত । এই প্রকল্পের অধীনে উন্নত জাতের পশু পালন পদ্ধতি পরীক্ষা করা হচ্ছে ।

প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের পড়াশুনার জন্য একাডেমীতে একটি গ্রন্থাগার আছে, যেখানে পল্লী উন্নয়ন ও অন্যান্য বিষয়ক বই, জার্ণাল ও পত্র-পত্রিকা রয়েছে ।

একাডেমীতে চারটি শ্রেণী কক্ষ আছে । যার মধ্যে তিনটির প্রতিটিতে ১০০ জন করে এবং চতুর্থটিতে ৪০ জনের আসন সংস্থান হয় ।

একাডেমীতে ৭০টি আসন সমবলিত একটি উন্নত মানের সম্মেলন কক্ষ আছে ।

সেমিনার, কর্মশালা ও আলোচনা সভা অনুষ্ঠানের জন্য একাডেমীর মিলনায়তনের আসন ক্ষমতা ১০০০ জন ।

প্রশিক্ষণার্থীদের থাকার জন্য একাডেমীতে তিনটি পুরুষ ও একটি মহিলা হোস্টেল আছে । এতে ২০৫ জন পুরুষ ও ২০ জন মহিলা অবস্থান করেত পারেন । অধিকাংশ কক্ষই দুই শয্যার তবে একক শয্যা সমবলিত কিছু কক্ষও আছে । দেশী এবং বিদেশী গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অবস্থানের জন্য একাডেমীতে তিন কক্ষ বিশিষ্ট একটি ছোট অতিথি ভবন আছে । একাডেমীতে ১০০ ও ৭৫ জনের ধারণ ক্ষমতা সম্পন্ন দুটি ক্যাফেটারিয়া আছে ।

এছাড়া একাডেমী অংগনে বসবাসকারী পরিবার সমূহ ও প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে একাডেমীর একটি ডাকঘর, চিকিৎসালয়, মসজিদ, সোনালী ও জনতা ব্যাংকের দুটি শাখা, কনজিউমার্স স্টোর, বিদ্যালয়, খেলার মাঠ, শিশু পার্ক আছে ।

৩.৩ একাডেমীর ব্যবস্থাপনা

একাডেমী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, একাডেমীর কার্যক্রমের দিক নির্দেশনার জন্য একটি 'বোর্ড অব গভর্ণরস' আছে । স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয় পদাধিকার বলে এই বোর্ডের সভাপতি এবং একাডেমীর মহা পরিচালক পদাধিকার বলে সদস্য-সচিব, বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব এবং গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহের প্রধানগণ পদাধিকারবলে এর সদস্য ।

৩.৪ 'বোর্ড অব গভর্ণরস' এর সদস্য তালিকা নিম্নরূপ

| | | |
|---|---|---|
| ১. | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় | সভাপতি |
| ২. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সহ-সভাপতি |
| ৩. | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | বিভাগীয় প্রধান, পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ প্লানিং কমিশন, ঢাকা | সদস্য |
| ৮. | রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার | সদস্য |
| ৯. | মহা-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০. | মহা-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা | সদস্য |
| ১১. | কমিশনার, রাজশাহী বিভাগ | সদস্য |
| ১২. | নিবন্ধক, সমবায় সমিতিসমূহ | সদস্য |
| ১৩. | পরিচালক, ইনষ্টিটিউট অব বাংলাদেশ ষ্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৪. | ভাইস চ্যান্সেলার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৫. | মহা-পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকাল গভর্ণমেন্ট, ঢাকা | সদস্য |
| ১৬. | সরকার কর্তৃক মনোনীত ব্যক্তি (৪ জন) | সদস্য |
| ১৭. | মহা-পরিচালক, বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া | সদস্য-সচিব । |

## ৩.৫ একাডেমীর প্রধান কার্যাবলী

একাডেমীতে বর্তমানে নিম্নবর্ণিত চারটি অনুষদ রয়েছে :

১. সামাজিক বিজ্ঞান অনুষদ

২. কৃষি বিজ্ঞান অনুষদ

৩. প্রশাসন

৪. প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন অনুষদ

একাডেমীর প্রধান কার্যাবলী এক নজরে পরবর্তী পৃষ্ঠার চিত্রে দেখা যায় :

## Major Functions of RDA at a Glance:



## ৩.৬ একাডেমীর কার্যাবলী বিশ্লেষণ

প্রশিক্ষণ ও গবেষণা - একাডেমীর দুটি প্রধান কাজ। এ দুটি কর্মকান্ড একে অপরের সাথে ওতপ্রোতভাবে জড়িত। পল্লী উন্নয়নে সমস্যাবলী চিহ্নিত ও পরীক্ষা করা গবেষণার প্রধান উদ্দেশ্য। প্রায়োগিক গবেষণা প্রকল্প সমূহের মাধ্যমে সমস্যা সমাধানের উপায় চিহ্নিত করার চেষ্টা করা হয়। একাডেমী পল্লী উন্নয়নে 'পুন: প্রয়োগযোগ্য মডেল' (replicable model) খুঁজে বের করতে বিভিন্ন ধরনের প্রায়োগিক গবেষণা পরিচালনা করে থাকে। গবেষণা ও প্রায়োগিক গবেষণা লব্ধ অভিজ্ঞতা সমূহ প্রশিক্ষণে ব্যবহার করা হয়। নিম্নে একাডেমীর প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলো:

## ৩.৭ প্রশিক্ষণ

প্রশিক্ষণ প্রদান একাডেমীর অন্যতম প্রধান কাজ। প্রতিষ্ঠা লগ্ন থেকেই একাডেমী পল্লী উন্নয়নের সাথে জড়িত সরকারী, আধাসরকারী এবং বেসরকারী কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ দিয়ে আসছে। ফলে দক্ষ মানব সম্পদ সৃষ্টির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে একাডেমী উল্লেখযোগ্য অবদান রাখছে। সরকারী পর্যায়ের প্রশিক্ষণার্থীগণ প্রধানত: সিভিল সার্ভেন্ট এবং জাতীয় গঠনমূলক বিভাগ সমূহে কর্মরত কর্মকর্তা, কর্মচারী। বেসরকারী পর্যায়ের প্রশিক্ষণার্থীদের মধ্যে রয়েছে স্থানীয় সরকারের প্রতিনিধি ও সমবায় সদস্য, স্থানীয় নেতৃবৃন্দ, স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যবৃন্দ, কৃষক, বেকার যুবক, মহিলা ইত্যাদি। নিয়মিত প্রশিক্ষণার্থীগণ ছাড়াও ছাত্র, গবেষক, পরামর্শক, সরকারী কর্মকর্তা, বৈদেশিক দূতাবাসের কূটনীতিকগণও পরিদর্শন, পরিচিতি (Orientation) এবং গবেষণার জন্য একাডেমী পরিভ্রমন করে থাকেন।

একাডেমীর উল্লেখযোগ্য প্রশিক্ষণ কর্মসূচী নিম্নরূপ :

১. সেচ ব্যবস্থাপনা কর্মসূচীর উপর প্রশিক্ষণ
২. পল্লী উন্নয়নের উপর পরিচিতি প্রশিক্ষণ (Orientation training)
৩. পল্লী উন্নয়ন -১২ (আর ডি-১২) প্রকল্পের আওতায় গ্রামীণ দরিদ্রদের প্রশিক্ষণ কর্মসূচী
৪. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার প্রশিক্ষণ
৫. বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাদের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ
৬. নলকূপ ও পাওয়ার টিলার মেকানিকদের প্রশিক্ষণ
৭. গবাদি পশু ও হাঁস-মুরগী পালন এবং প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ
৮. উদ্যান নার্সারী উন্নয়ন প্রযুক্তি প্রশিক্ষণ

সারণী - ১

## ১৯৯০-৯১ অর্থ বছরে অনুষ্ঠিত একাডেমীর প্রশিক্ষণ কার্যক্রমের বিবরণ

| ক্রমিক | প্রশিক্ষণ কর্মসূচী | কোর্সের সংখ্যা | | কোর্সের দিন | কার্যদিবস বাস্তবায়ন | অংশগ্রহণকারীর সংখ্যা | | অংশগ্রহণকারীর ধরন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিকল্পনা | বাস্তবায়ন | | | পরিকল্পনা | বাস্তবায়ন | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | বিসিএস বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স | ৪ | ৪ | ৬০ | ২৪০ | ৩৯০ | ৩১২ | বিসিএস স্বাস্থ্য বন ও গণপূর্ত ক্যাডারভুক্ত কর্মকর্তা |
| ২। | কম্পিউটার ট্রেনিং কোর্স | ৫ | ৫ | ১১ | ৫৫ | ১৪ | ১২ | আরডিএ, কর্মকর্তা/কর্মচারী |
| ৩। | রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের প্রায়োগিক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৪২ | ৪২ | ৬ | ৬ | সমাজকর্ম বিভাগের ছাত্র |
| ৪। | বিসিএস (শিক্ষা) প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর (নায়েম থেকে) | ১ | ১ | ৪ | ৪ | ৩০ | ৩০ | বিসিএস(শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তা |
| ৫। | স্বাক্ষরসহ অক্ষরজ্ঞানদানে গণশিক্ষা কার্যক্রম | ১ | ১ | ৯০ | ৯০ | ২০০ | ২০০ | একাডেমীর পার্শ্ববর্তী গ্রামের নিরক্ষর লোক |
| ৬। | মহিলাদের ছাগল পালনের উপর প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৩ | ৩ | ৩৫ | ৩৫ | বাংড়া ভূমিহীন মহিলা সমিতির সদস্যা |
| ৭। | বিসিএস (প্রশাসন) একাডেমীতে প্রশিক্ষণরত কর্মকর্তাদের পল্লী উন্নয়ন বিষয়ক অবহিতকরণ কোর্স | ৩ | ৩ | ৭ | ৭ | ১১৫ | ১১২ | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তা |
| ৮। | সমন্বিত পল্লী উন্নয়নে সামাজিক বনায়ন প্রকল্পের অধীনে আধুনিক পদ্ধতিতে হাঁস-মুরগী ও গবাদী পশু পালন এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৪ | ৪ | ২০ | ২১ | একাডেমীর পার্শ্ববর্তী এলাকার শিক্ষিত বেকার যুবক |
| ৯। | উপজেলা বনায়ন ও নার্সারী প্রকল্প বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৩ | ৩ | ১৬ | ১৬ | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ১০। | স্নাতকোত্তর কৃষি শিক্ষা ইনস্টিটিউটের ছাত্র/ছাত্রীদের শিক্ষা সফর | ১ | ১ | ১ | ১ | ২৪ | ২৪ | ছাত্র ও ছাত্রী |
| ১১। | সিলেট বন বিদ্যালয়ের ছাত্রদের শিক্ষা সফর | ১ | ১ | ৩ | ৩ | ৫৭ | ৪৮ | ছাত্র |
| ১২। | সংগঠকদের মৌলিক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৪৫ | ৪৫ | ৩০ | ১৯ | আরডি-১২ প্রকল্পের সংগঠক |
| ১৩। | অর্গানাইজারদের মৌলিক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ১৩ | ১৩ | ২৫ | ২০ | আরডি-৯ প্রকল্পের সংগঠক |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪। | আরপিপি প্রশিক্ষকদের ওরিয়েন্টেশন কোর্স | ১ | ১ | ২ | ২ | ৩০ | ২৮ | প্রশিক্ষক (আরপিপি) |
| ১৫। | পদাদম সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাদের পল্লী উন্নয়ন সংক্রান্ত শিক্ষা সফর | ১ | ১ | ৪ | ৪ | ৬ | ৬ | যুগ্ম সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা |
| ১৬। | ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের ছাত্র-ছাত্রীদের শিক্ষা সফর | ১ | ১ | ৬ | ৬ | ১১০ | ১০০ | ছাত্র ও ছাত্রী |
| ১৭। | তারা পাম্প প্রশিক্ষণ কর্মসূচীর উপর জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী ও মেকানিকসদের প্রশিক্ষণ | ৫ | ৫ | ৩ | ১৫ | ২৩৫ | ২২৯ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী ও মেকানিকস |
| ১৮। | ২য় শ্রেণীর পাঠ্যপুস্তক ট্রাই-আউট সম্পর্কিত পিটিআই কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৪ | ৪ | ১০০ | ৮০ | পি,টি,আই এর ইনস্ট্রাক্টর |
| ১৯। | সমবায় বিভাগের সমবায়ীদের প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ২১ | ২১ | ৩০ | ১৭ | সমবায় নেতৃবৃন্দ |
| ২০। | শেরপুর উপজেলা সেচ পরিকল্পনা প্রণয়ন প্রায়োগিক গবেষণা প্রকল্পের আওতায় স্কীম ম্যানেজার, ড্রাইভার ও মেকানিকসদের প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৩ | ৩ | ২০ | ১৬ | স্কীম ম্যানেজার, ড্রাইভার ও মেকানিকস |
| ২১। | এম এ এস শিক্ষা সফর | ১ | ১ | ৩ | ৩ | ১০ | ১০ | প্রাক্তন এমি ও ভিএও |
| ২২। | সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক আয়োজিত ওরিয়েন্টেশন কোর্স | ১ | ১ | ৩ | ৩ | ৩৮ | ৩৫ | উপ-পরিচালক, সহ: পরিচালক এবং উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ২৩। | পারিবারিক শাক সব্জী চাষের উপর প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৩ | ৩ | ২০ | ২০ | গ্রামীণ মহিলা |
| ২৪। | গণশিক্ষা কর্মসূচীর আওতায় সেচ যন্ত্র মিকানিকস প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৬০ | ৬০ | ২০ | ২৩ | গণশিক্ষা কার্যক্রমের ছাত্র |
| ২৫। | আনসার ও ভিডিপি সদস্যদের রুরাল সেনিটেশন প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ২ | ২ | ২০০ | ১১১ | আনসার ও ভিডিপি'র সদস্য |
| ২৬। | বিসিএস (নি:হি:) কর্মকর্তাদের ব্যবহারিক প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৬ | ৬ | ১৬ | ১৫ | বিসিএস (নি:হি:) ক্যাডারের কর্মকর্তা । |
| ২৭। | পল্লী উন্নয়ন-১২ প্রকল্পের মহিলা এ আর ডিওদের প্রশিক্ষণ সামগ্রী তৈরী ও ব্যবহারের উপর প্রশিক্ষণ | ১ | ১ | ৪ | ৪ | ২৫ | ২৩ | মহিলা এআরডিও (আরডি-২ প্রকল্প) |
| ২৮। | গণশিক্ষা কার্যক্রম (২য় ব্যাচ) | ১ | ১ | ৬০ | ৬০ | ২০০ | ২০০ | একাডেমীর পার্শ্ববর্তী গ্রামের নিরক্ষর লোক |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৯। | গবাদি পশু ও হাঁস-মুরগী পালন এবং প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৪৫ | ৪৫ | ২০ | ২৫ | শিক্ষিত বেকার যুবক |
| ৩০। | উদ্যান নার্সারী উন্নয়ন প্রযুক্তি প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৩০ | ৩০ | ৩০ | ২৮ | শিক্ষিত বেকার যুবক |
| ৩১। | সেচযন্ত্র মেকানিক্স প্রশিক্ষণ কোর্স | ১ | ১ | ৬০ | ৬০ | ২০ | ২৪ | শিক্ষিত বেকার যুবক |
| | সর্বমোট | ৪৪ | ৪৪ | - | ৮৪১ | ২০৯২ | ১৯৫৬ | |

## সারণী - ২

### ১৯৯০-৯১ অর্থ বছরে অনুষ্ঠিত একাডেমীর কর্মশালা, সেমিনার ও সভার বিবরণ

| ক্রমিক সংখ্যা | কর্মসূচীর নাম | সংখ্যা | | মেয়াদ (দিন) | কার্যদিবস বাস্তবায়ন | অংশগ্রহণকারীর সংখ্যা | | অংশগ্রহণকারীর ধরন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিকল্পনা | বাস্তবায়ন | | | পরিকল্পনা | বাস্তবায়ন | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | মহিলা বিষয়ক পরিদপ্তর কর্তৃক আয়োজিত প্রকল্প পরিচিতি সভা | ১ | ১ | ২ | ২ | ৩৫ | ৩০ | জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সমিতির সভানেত্রী |
| ২। | এডাব উত্তর-পশ্চিম অঞ্চলের এনজিও কনভেনশন | ১ | ১ | ৩ | ৩ | ১৫০ | ১৫০ | সংস্থা প্রধান |
| ৩। | পল্লী উন্নয়ন একাডেমীর বার্ষিক পরিকল্পনা সভা | ১ | ১ | ২ | ২ | ৩৭ | ৩০ | বোর্ড ও এনআইএলজি প্রতিনিধি, অনুষদ সদস্য, আরডিএ |
| ৪। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ কর্তৃক আয়োজিত ব্রিফিং মিটিং | ১ | ১ | ১ | ১ | ৩৫ | ৩০ | সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী |
| ৫। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলীদের সভা | ১ | ১ | ১ | ১ | ১৫ | ১৬ | নির্বাহী প্রকৌশলী |
| ৬। | দি একমি ল্যাবরেটরীজ লি: কর্তৃক বার্ষিক বিক্রয় সম্মেলন | ১ | ১ | ১ | ১ | ১৮০ | ১৬০ | বিক্রয় প্রতিনিধি |
| ৭। | আরডিএ ও উইনরক ইন্টারন্যাশনাল এর যৌথ উদ্যোগে আয়োজিত সেচ ব্যবস্থাপনার উপর কর্মশালা | ১ | ১ | ১ | ১ | ৫৩ | ৫৩ | অতি:সচিব,বিপিএটিসির সদস্য, অধ্যাপক এবং আরডিএ'র অনুষদ সদস্যগণ |
| ৮। | ওয়ার্ল্ড ভিশন অব বাংলাদেশ কর্তৃক প্রোগ্রাম অফিসারের প্রশিক্ষণ বিষয়ক কর্মশালা | ১ | ১ | ৪ | ৪ | ৭৫ | ৬৫ | নির্বাহী পরিচালক, সহকারী পরিচালক, আঞ্চলিক ব্যবস্থাপক, সমন্বয়ক ও প্রোগ্রাম অফিসার |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯। | খাদ্য বিভাগ কর্তৃক 'সাপ্লাই-ম্যানেজমেন্ট ইমপ্লিকেশন' এর উপর অনুষ্ঠিত কর্মশালা | ১ | ১ | ২ | ২ | ১০ | ৮ | খাদ্য বিভাগের কর্মকর্তা |
| ১০। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষি সম্প্রসারণ পদ্ধতির পরিস্থিতি ও উন্নয়নের ধারা পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা | ১ | ১ | ১ | ১ | ১৭৪ | ১৫৪ | উপজেলা ও জেলা পর্যায়ের কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ১১। | গ্রামীণ ব্যাংক আয়োজিত সেমিনার | ১ | ১ | ১ | ১ | ৮০ | ৮০ | এরিয়া ম্যানেজার, প্রোগ্রাম অফিসার, শাখা ম্যানেজার ও মাঠকর্মী |
| ১২। | ই পি আই কর্মশালা | ১ | ১ | ১ | ১ | ৪৫ | ৪৫ | উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা; পরিচালক,পরিবার পরিকল্পনা, সিভিল সার্জন ও উপ-পরিচালক (স্বাস্থ্য) |
| ১৩। | আরডি-১২ প্রকল্পের বার্ষিক পরিকল্পনা বিষয়ক কর্মশালা | ১ | ১ | ২ | ২ | ৩০ | ৩০ | উপ পরিচালক (বিআরডিবি), সংগঠক, ইউসিসিএ সভাপতি এবং কেএসএস এর ম্যানেজার |
| ১৪। | আর ডি-১২ প্রকল্পের শিক্ষানবীশ সংগঠকদের মূল্যায়ন কর্মশালা | ২ | ২ | ৩ | ৬ | ১০০ | ৯৫ | সংগঠক (আরডি-১২ প্রকল্প) |
| ১৫। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা এর কর্মশালা | ১ | ১ | ২ | ২ | ৭০ | ৫৯ | সুপারিনটেনডেন্ট (পিটিআই), এনসিটিবি'র কর্মকর্তা এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক |
| ১৬। | সিরডাপ-আরডিএ যৌথভাবে অনুষ্ঠিত আন্তর্জাতিক কর্মশালা | ১ | ১ | ৪ | ৪ | ২১ | ২০ | সিরডাপভুক্ত ১১টি সদস্য দেশের বিভিন্ন প্রকল্পের কর্মকর্তা |
| | মোট | ১৭ | ১৭ | | ৩৪ | ১,১৩০ | ১,০২৪ | |

## সারণী - ৩

### ১৯৯০-৯১ অর্থ বছরের প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনারের সার সংক্ষেপ

| কর্মসূচীর নাম | কোর্সের সংখ্যা | | কার্যদিবস বাস্তবায়ন | অংশগ্রহণকারীর সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | পরিকল্পনা | বাস্তবায়ন | | পরিকল্পনা | বাস্তবায়ন |
| প্রশিক্ষণ | ৪৪ | ৪৪ | ৮৪১ | ২,০৯২ | ১,৬৫৬ |
| কর্মশালা ও সেমিনার | ১৭ | ১৭ | ৩৪ | ১,১৩০ | ১,০২৪ |
| সর্বমোট | ৬১ | ৬১ | ৮৭৫ | ৩,২২২ | ২,৬৮০ |

## ৩.৮ গবেষণা কার্যক্রম

একাডেমীর গবেষণা কর্মকান্ডের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের গ্রামীণ জীবনের বিভিন্ন দিক সম্পর্কে জানা এবং চিহ্নিত সমস্যা সমূহের সম্ভাব্য সমাধান খুঁজে বের করা । এছাড়া গবেষণা ও প্রায়োগিক গবেষণার আর একটি উদ্দেশ্য হলো গবেষণা লব্ধ ফলাফল সমূহ আরডিএ সহ দেশের অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ উপকরণ হিসেবে ব্যবহার করা । উল্লিখিত উদ্দেশ্য অর্জনে ও 'পল্লী উন্নয়নের মডেল' উদ্ভাবনের লক্ষ্যে অনুষদ সদস্যগণ একাডেমীর সূচনা লগ্ন থেকে বিভিন্ন গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করে আসছেন ।

একাডেমীর গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুষদ সদস্যদের প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং দেশে ও বিদেশে গবেষণা কর্মসূচী সমনবয় করার লক্ষ্যে 'গবেষণা বিভাগ' নামে একটি স্বতন্ত্র শাখা প্রতিষ্ঠা করা হয়েছে । অতিরিক্ত পরিচালক (গবেষণা) এই বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন । তাঁকে সহায়তা করার জন্য রয়েছেন একজন সহকারী পরিচালক (গবেষণা ও পরিসংখ্যান) । এই বিভাগে মোট ১৫ জন প্রশিক্ষণ প্রাপ্ত স্থায়ী মাঠকর্মী । এরা হলেন যথাক্রমে ৪ জন গবেষণা তত্ত্বাবধায়ক, ৮ জন গবেষণা তথ্যানুসন্ধানী ও ৩ জন টেবুলেটর ।

গবেষণা কাজে প্রয়োজনীয় পরামর্শ (যথা: গবেষণা প্রস্তাবনা ও গবেষণা প্রতিবেদন পর্যালোচনা, গবেষণার প্রয়োজনীয় বাজেট নির্ধারণ ইত্যাদি) প্রদানের জন্য একাডেমীতে একটি গবেষণা কমিটি রয়েছে । কমিটির সদস্যগণ হলেন : একাডেমীর সকল বিভাগীয় পরিচালক, ২ জন অতিরিক্ত পরিচালক, অনুষদ সভাপতি এবং সহকারী পরিচালক (গবেষণা) । ১৯৯১ সাল থেকে 'উইনরক ইন্টারন্যাশনালে'র একজন পোস্ট-ডক্টরাল ফেলো কে (একাডেমীতে দু'বছরের জন্য কর্মরত) বিশেষজ্ঞ সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে । অতিরিক্ত পরিচালক (গবেষণা) কমিটির সভাপতি এবং সহকারী পরিচালক (গবেষণা) কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন । গত ১৯৯০-৯১ অর্থ বছরে একাডেমীর গবেষণা কার্যক্রমের বিবরণ নিম্নে দেয়া হলো :

(১) পরিত্যক্ত গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থা : শেরপুর উপজেলার দুটি গ্রামে পরিচালিত একটি সমীক্ষা (গবেষক : শিখা রাণী সরকার)

গবেষণাটি গ্রামীণ পরিত্যক্তা মহিলাদের পরিত্যক্তা হওয়ার কারণ সমূহ, তাদের

আর্থ-সামাজিক অবস্থা এবং বেঁচে থাকার কৌশল সম্পর্কে জানার উদ্দেশ্যে শেরপুর উপজেলার গাড়ীদহ ইউনিয়নের দুটি গ্রামে পরিচালিত হয় । গবেষণার ফলাফলে দেখা যায় যে, বেশীর ভাগ ক্ষেত্রেই স্বামীর দ্বিতীয় বিবাহ পরিত্যাক্তা হওয়ার অন্যতম কারণ । সাধারণত : অপরের বাড়ীতে কাজ করে তারা জীবন যাপন করছে । প্রধানত: তারা তাদের পিতা-মাতা, ভাই বা নিকট আত্মীয়ের আশ্রয়ে বেঁচে আছে ।

(২) পরিবার পরিকল্পনা কার্যক্রম সম্পর্কে গ্রামীণ বিবাহিতা মহিলাদের প্রতিক্রিয়া : দুটি গ্রামের একটি জরীপ (গবেষক : শিখা রাণী সরকার ও নার্গিস জাহান)

সক্ষম বিবাহিতা মহিলাদের পরিবার পরিকল্পনা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে মনোভাব জানার উদ্দেশ্যে এই গবেষণাটি পরিচালিত হয় । গবেষণার ফলাফলে দেখা যায় যে, ৬৩% মহিলা পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণ করেছেন । তন্মধ্যে, ৯% স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন । অস্থায়ী পদ্ধতি তথা খাবার বড়ি ব্যবহারের হার সবচেয়ে বেশী ।

(৩) বাংলাদেশে পল্লী গ্রন্থাগার : শেরপুর উপজেলার একটি সমীক্ষা (গবেষক : এম,এ,কাইয়ুম)

গবেষণাটি পল্লী অঞ্চলে অবস্থিত গ্রন্থাগার সমূহের অবস্থা, সমস্যা এবং ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে জানার উদ্দেশ্যে প্রশ্নমালা ও চেকলিস্ট-এর মাধ্যমে শেরপুর উপজেলার সবকয়টি শিক্ষা প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করা হয় । এছাড়াও অন্যান্য প্রতিষ্ঠান সমূহ যথা : মসজিদ, মাদ্রাসা, ক্লাব ইত্যাদি যাদের গ্রন্থাগার আছে, সেগুলোও জরীপ করা হয় । প্রাপ্ত ফলাফলে দেখা যায় যে, প্রায় সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানে কিছু সংখ্যক বই তাদের কমনরুমে রাখা আছে যেখানে ছাত্রদের বসার কোন ব্যবস্থা নেই । একইভাবে, শতকরা ৫০ ভাগ গ্রন্থাগারে টেবিল চেয়ারের কোন ব্যবস্থা নেই । কোন গ্রন্থাগারেই বই ক্যাটালগিং ও ক্লাসিফিকেশন করা হয় না এবং ৯০% গ্রন্থাগারে কোন পেশাদার গ্রন্থাগারিক নেই । একদিকে যেমন ৫০ ভাগ গ্রন্থাগার কোন প্রকার মঞ্জুরী পায়না অন্যদিকে ৫০ ভাগ গ্রন্থাগার তাদের প্রাপ্ত তহবিল সঠিক খাতে ব্যয় করেনা ।

(৪) বাংলাদেশের গ্রামীণ শ্রমজীবী মহিলাদের উপর আর্থ-সামাজিক পরিবর্তনের প্রভাব : শেরপুর উপজেলায় একটি সমীক্ষা (গবেষক: কেইকো ইকেদা ও নারগিস জাহান)

গবেষণাটির মূল উদ্দেশ্য ছিলো মহিলাদের শ্রমিক হিসেবে নিযুক্ত হওয়ার কারণ, তাদের কাজের পরিবেশ, কিভাবে তাদের দুর্দশা লাঘব করা যায় এবং ভবিষ্যতে তাদের জন্য করণীয় বিষয়গুলো কি হওয়া উচিৎ ইত্যাদি সম্পর্কে জানা ।

(৫) সেচ ও সেচ বহির্ভূত জমিতে শস্য উৎপাদন ও শস্য বিন্যাস (গবেষক : এস, কে, জেড, ফেরদৌস ও মো: আব্দুল খালেক)

(৬) গ্রামীণ ব্যাংকের হিসাব ব্যবস্থার সাথে বি আর ডি বি'র দরিদ্র কর্মসূচীর হিসাব ব্যবস্থার তুলনামূলক পর্যালোচনা (গবেষক : প্রভাস চন্দ্র প্রামানিক)

(৭) উপজেলা কর্মকর্তা ও এবং জনপ্রতিনিধিদের মধ্যে বিরাজমান সম্পর্ক (গবেষক : এ,জে, মিনহাজ উদ্দিন আহমাদ)

(৮) শেরপুর উপজেলায় বিশেষ কৃষি ঋণ কর্মসূচীর অবস্থা (গবেষক : প্রভাস চন্দ্র প্রামাণিক ও মো: ইলিয়াস)

(৯) বাংলাদেশে আনুষ্ঠানিক গ্রামীণ প্রতিষ্ঠানে নেতৃত্ব : কৃষক সমবায় সমিতিতে নেতৃত্বের ধরন (গবেষক : টি আই এম জাহিদ হোসেন)

(১০) চেন্জেস ইন ডেমোগ্রাফিক ক্যারেকটারেসটিকস অব দি ভিলেজ আন্ডার জিরো পপুলেশন গ্রোথ ইন শেরপুর উপজেলা(গবেষক : মো: আব্দুল খালেক ও এ,এইচ,এম, নিজাম উদ্দিন চৌধুরী)

(১১) জমি চাষে পাওয়ার টিলারের সম্ভাব্যতা যাচাই (গবেষক : মো: নজরুল ইসলাম খান ও এস,এম, কামরুল হাসান)

(১২) শেরপুর উপজেলার প্রশিক্ষণ কার্যক্রমের উপর একটি সমীক্ষা (গবেষক : ড: মোকসেদুল হামিদ)

(১৩) জমির মালিকানা থেকে কৃষকদের ভূমিহীন পরিণত হওয়ার প্রক্রিয়া সম্পর্কে একটি সমীক্ষা (গবেষক : এ,কে,এম, খায়রুল আলম)

(১৪) আলুর ফলনের উপর সেচ ও জাতের প্রভাব (গবেষক : এ,কে,এম, জাকারিয়া ও এম,এ, রশিদ)

(১৫) বি আর- ১৪ জাতের ধান চাষে সেচের পরিমাণ নির্ণয় (গবেষক : মাহমুদ হোসেন খান)

(১৬) এ স্টাডি অব সোসিও ইকনমিক ইম্প্যাক্ট অব ভিলেজ ডমিস্টিক ওয়াটার সাপ্লাই ফ্রম এ ডিপ টিউবওয়েল এ্যাট শশীবদনী, বগুড়া (গবেষক : টি আই এম জাহিদ হোসেন ও মাহমুদ হোসেন খান)

(১৭) গ্রাম্য আদালতের কার্যকারিতা সম্পর্কিত একটি জরীপ (গবেষক : এইচ,এম, আলাউদ্দিন)

(১৮) দি স্টেট এ্যান্ড রুরাল ডেভোলপমেন্ট ইন বাংলাদেশ : এ্যান্ড ফিগারস ফ্রম এ ভিলেজ (গবেষক : তারিক আহমদ)

(১৯) ইন্টার এ্যান্ড মালটিপল ক্রপিং ইন সুগার কেন ফিল্ড (গবেষক : এ,কে,এম, জাকারিয়া)

(২০) ইফেক্টস অন গ্রাউন্ড ওয়াটার রিসোরসেস ডিউ টু একসট্রাকশন অব ওয়াটার বাই ইরিগেশন ইকুইপমেন্টস (ডি টি ডাবলু এ্যান্ড এস টি ডাবলু) অ্যাট শেরপুর উপজেলা (গবেষক : মো: নজরুল ইসলাম খান)

(২১) বাংলাদেশে গ্রামীণ ক্ষমতা কাঠামো : মহিলাদের অংশগ্রহণ ও সচেতনতা (গবেষক : কানিজ ফাতেমা)

## ৩.৯ সুস্টিলগেট একাডেমীর নির্ধারিত দায়িত্বাবলী

সুস্টিলগেট একাডেমীর দাতিত্বাবলী ছিল নিম্নরূপ :

a. To lay down broad principles for the functioning of the Academy.

b. To formulate policy on the Rural Development Programme and implement the programme thereon.

c. To provide training to personnel of different nation building departments & agencies connected with rural development.

d. To conduct research in rural development and offer facilities for such research work.

e. To consider the annual report and the statement of accounts of the Academy.

f. To do such other jobs as may be necessary for furthering the objectives of the Academy.

## ৩.১০ সুস্টিলগেট একাডেমীর জন্য নির্ধারিত লোকবল

সুস্টিলগেট একাডেমীর দায়িত্বাবলী পালনার্থে ১৬৩ জন কর্মকর্তা-কর্মচারী সমভিব্যাহারে যে কাঠামো নির্মিত হয়, তা নিম্নরূপ ছিল :

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক | ১ জন |
| ২. | উপ-পরিচালক | ৩ জন (প্রশিক্ষণ - ১ জন এবং গবেষণা - ২ জন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | অনুদেষ্টা (ইনস্ট্রাক্টর) ৯ জন | (ক) | খামার ব্যবস্থাপনা | - ১ জন |
| | | (খ) | সোসিওলোজি ও সামাজিক মনোবিজ্ঞান | - ১ জন |
| | | (গ) | কৃষি অর্থনীতি | - ১ জন |
| | | (ঘ) | এগ্রোনোমি | - ১ জন |
| | | (ঙ) | সেচ প্রকৌশল | - ১ জন |
| | | (চ) | পল্লী ব্যবসা ব্যবস্থাপনা | - ১জন |
| | | (ছ) | লোক প্রশাসন | - ১ জন |
| | | (জ) | মহিলা কর্মসূচী | - ১ জন |
| | | (ঝ) | গবেষণা ও জরিপ পদ্ধতি | - ১ জন |
| ৪. | সহযোগী অনুদেষ্টা - ১৪ জন | (ক) | খামার ব্যবস্থাপনা | - ১ জন |
| | | (খ) | সোসিওলোজি ও সামাজিক মনোবিজ্ঞান | - ১ জন |
| | | (গ) | কৃষি অর্থনীতি | - ১ জন |
| | | (ঘ) | এগ্রোনোমি | - ১ জন |
| | | (ঙ) | সেচ প্রকৌশল | - ১ জন |
| | | (চ) | পল্লী ব্যবসা ব্যবস্থাপনা | - ১ জন |
| | | (ছ) | লোক প্রশাসন | - ১ জন |
| | | (জ) | মহিলা কর্মসূচী | - ১ জন |
| | | (ঝ) | গবেষণা ও জরিপ পদ্ধতি | - ১ জন |
| | | (ঞ) | পল্লী অর্থনীতি | - ১ জন |
| | | (ট) | পল্লী শিক্ষা | - ১ জন |
| | | (ঠ) | হিসাব রক্ষণ | - ১ জন |
| | | (ড) | সমবায় ও বাজারজাতকরণ | - ১ জন |
| | | (ঢ) | গবাদি পশু | - ১ জন |

| | | | |
|---|---|---|---|
| ৫. সহকারী অনুদেষ্টা - ৬ জন | (ক) খামার ব্যবস্হাপনা | - | ১ জন |
| | (খ) সোসিওলোজি ও সামাজিক মনোবিজ্ঞান | - | ১ জন |
| | (গ) এগ্রোনোমি | - | ১ জন |
| | (ঘ) সেচ প্রকৌশল | - | ১ জন |
| | (ঙ) গবাদি পশু | - | ১ জন |
| | (চ) হিসাব রক্ষণ | - | ১ জন |

প্রথম শ্রেণীর কর্মকর্তা : মোট ৩৭ জন

| | | | |
|---|---|---|---|
| দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা : | ১. প্রশাসনিক কর্মকর্তা | - | ১জন |
| | ২. হিসাব রক্ষক | - | ১ জন |
| | ৩. সহকারী গ্রন্হাগারিক | - | ১ জন |
| | ৪. পরিচালকের ব্যক্তিগত সহকারী | - | ১ জন |
| | ৫. শিল্পী | - | ১ জন |
| | ৬. সংরক্ষণকারী ওভারশিয়ার | - | ১ জন |
| | ৭. খামার ব্যবস্হাপক | - | ১ জন |
| | ৮. হোস্টেল ব্যবস্হাপক | - | ১ জন |
| | ৯. ক্যাফেটারিয়া ম্যানেজার | - | ১ জন |
| | মোট | | ৯ জন |

লোকবলের সার-সংক্ষেপ

| | | |
|---|---|---|
| প্রথম শ্রেণীর কর্মকর্তা | - | ৩৭ জন |
| দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা | - | ৯ জন |
| তৃতীয় শ্রেণীর কর্মকর্তা | - | ৬৩ জন |
| চতুর্থ শ্রেণীর কর্মকর্তা | - | ৫৪ জন |
| সর্বমোট | | ১৬৩ জন |

একাডেমী তখন প্রশিক্ষণ ও গবেষণা দুটি অনুষদে বিভক্ত ছিল ।

একাডেমীর তৎকালীন সংগঠন ছক পরবর্তী পৃষ্ঠায় সন্নিবেশিত হলো :

EXISTING ORGANISATION

ANNEXURE 'A'

RURAL DEVELOPMENT ACADEMY, BOGRA
RURAL DEVELOPMENT AND COOPERATIVES DIVISION
MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT AND COOPERATIVES

FUNCTIONS :

a. To lay down broad principles for the functioning of the Academy.
b. To formulate policy on the Rural Development Programme and implement the programme thereon.
c. To provide training to personnel of different nation building departments & agencies connected with rural development.
d. To conduct research in rural development and offer facilities for such research work.
e. To consider the annual report and the statement of accounts of the Academy.
f. To do such other jobs as may be necessary for furthering the objectives of the Academy.




**General Administration** — Persons : 61
- 1 x Administrative Officer
- 1 x P. A. to Director
- 1 x U. D. Assistant
- 2 x L. D. Assistant
- 1 x Store keeper
- 6 x Typist
- 1 x Cyclostyle Machine Operator
- 1 x Care Taker
- 1 x Mechanic
- 10 x Driver
- 10 x Peon
- 10 x Mali
- 8 x Night Guard
- 10 x Cleaner / Sweeper

**Accounts** — Persons : 6
- 1 x Audit & Accounts Officer
- 1 x Accountant / Superintendent ( SAS )
- 1 x U. D. Assistant
- 2 x L. D. Assistant
- 1 x Peon

**Guest House & Hostels** — Persons : 7
- 1 x Manager
- 1 x Asstt. Manager
- 1 x Cook
- 2 x Asstt. Cook
- 2 x Attendant

**Cafetaria** — Persons : 10
- 1 x Manager
- 1 x Asstt. Manager
- 1 x Cashiar
- 1 x Cook
- 2 x Asstt. Cook
- 4 x Attendant

**Library** — Persons : 8
- 1 x Librarian
- 1 x Asstt. Librarian
- 1 x Library Assistant
- 1 x Cataloguer
- 1 x Photostat Machine Operator
- 1 x Daftary
- 1 x Attendant

**Research** — Persons : 8
- 2 x Research Supervisor
- 2 x Tabulator
- 4 x Research Investigator

**Demonstration Farm** — Persons : 16
- 1 x Farm Manager
- 1 x Asstt. Farm Manager
- 1 x Supervisor
- 1 x Store Keeper
- 1 x Salesman
- 1 x Tractor Driver
- 1 x Pump Operator
- 1 x Milchman
- 6 x Labourer
- 2 x Night Guard

**Construction Engineering & Maintenanc** — Persons : 11
- 1 x Asstt. Engineer
- 1 x Sub Asstt. Engineer
- 1 x Supervisor
- 1 x Draftsman
- 1 x L. D. Assistant
- 1 x Store Keeper
- 1 x Electrician
- 1 x Pump Operator
- 1 x Plumber
- 1 x Peon
- 1 x Night Guard

**Medical Centre** — Persons : 3
- 1 x Medical Officer
- 2 x Attendant

SUMMARY OF MANPOWER

| Sl. No. | Name of Post | Sanctioned | Existing |
|---|---|---|---|
| | Class-I | | |
| 1. | Director | 1 | 1 |
| 2. | Deputy Director | 3 | 2 |
| 3. | Instructor | 9 | 4 |
| 4. | Associate Instructor | 14 | 7 |
| 5. | Asstt. Instructor | 6 | 4 |
| 6. | Librarian | 1 | 1 |
| 7. | Medical Officer | 1 | 1 |
| 8. | Asstt. Engineer | 1 | 1 |
| 9. | Audit and Accounts Officer | 1 | 1 |
| | | 37 | 22 |
| | Class - II | | |
| 10. | Administrative Officer | 1 | 1 |
| 11. | Accountant | 1 | x |
| 12. | Asstt. Librarian | 1 | 1 |
| 13. | P. A. to Director | 1 | 1 |
| 14. | Artist | 1 | 1 |
| 15. | Maintenance Overseer | 1 | 1 |
| 16. | Farm Manager | 1 | 1 |
| 17. | Hostel Manager | 1 | x |
| 18. | Cafetaria Manager | 1 | x |
| | | 9 | 6 |
| 19. | CLASS - III | 63 | 35 |
| 20. | CLASS - IV | 54 | 50 |
| | | 163 | 113 |

SUMMARY OF TRANSPORT

a. 1 x Car ( for use by the Director )
b. 1 x Jeep ( for use by the Faculty Members )
c. 2 x Microbus ( for use by the Faculty Members)

SUMMARY OF EQUIPMENT

a. 1 x Photostat Machine
b. 4 x Refrigerator
d. 10 x Pocket Calculator
e. 3 x Tape Recorder
f. 2 x Camera
g. 1 x Tractor
h. 4 x Thresher
i. 1 x Deep Tube-well
j. 2 x Shallow Tube-well
k. 1 x Wall Clock
l. 9 x Type Writer.

# চতুর্থ অধ্যায়

## এনাম কমিটির প্রতিবেদনের আলোকে একাডেমীর কাঠামো, লোকবল ও কার্যক্রম বিশ্লেষণ

### ৪.১ এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবল

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া সৃষ্টির দশ বছর পর সাংগঠনিক বিন্যাসের জন্য গঠিত এনাম কমিটি অন্যান্য সংস্থার সাথে পল্লী উন্নয়ন একাডেমীর লোকবল পরীক্ষা করে । কমিটি কর্তৃক বিষয়টি পরীক্ষা করার সময় মঞ্জুরীকৃত ১৬৩ টি পদের বিপরীতে পল্লী উন্নয়ন একাডেমীতে ১১৩ জন কর্মরত ছিলেন । কমিটি একাডেমীর প্রতিনিধিদের সাথে অলোচনার পর ১৫৮টি পদের একটি সাংগঠনিক ছক/কাঠামোর সুপারিশসহ রাষ্ট্রপতি এবং প্রধান সামরিক আইন প্রশাসকের নিকট প্রতিবেদন পেশ করে । রাষ্ট্রপতি ও প্রধান সামরিক আইন প্রশাসক কমিটির সুপারিশ অনুমোদন করেন । কমিটি কর্তৃক পরীক্ষা করণের সময় একাডেমীর মঞ্জুরীকৃত পদ, কর্মরত লোকবল ও কমিটির সুপারিশকৃত লোকবলের তুলনামূলক তালিকা নিম্নের সারণীতে দেখানো হলো ।

সারণী - ৪

মঞ্জুরীকৃত, বাস্তবে কর্মরত ও এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবলের তুলনা

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | মঞ্জুরীকৃত | বাস্তবে কর্মরত | এনাম কমিটি কর্তৃক সংশোধিত |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | প্রথম শ্রেণী | | | |
| ১। | পরিচালক | ১ | ১ | ১ |
| ২। | উপ-পরিচালক | ৩ | ২ | ২ |
| ৩। | ইন্সট্রাকটর | ৯ | ৪ | ৮ |
| ৪। | সহযোগী ইন্সট্রাকটর | ১৪ | ৭ | ১৪ |
| ৫। | সহকারী ইন্সট্রাকটর | ৬ | ৪ | ৮ |
| ৬। | লাইব্রেরীয়ান | ১ | ১ | ১ |
| ৭। | মেডিকেল অফিসার | ১ | ১ | ১ |
| ৮। | সহকারী প্রকৌশলী | ১ | ১ | ১ |
| ৯। | হিসাব ও নিরীক্ষা অফিসার | ১ | ১ | ১ |
| | মোট | ৩৭ | ২২ | ৩৭ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | দ্বিতীয় শ্রেণী | | | |
| ১০। | প্রশাসনিক অফিসার | ১ | ১ | ১ |
| ১১। | হিসাব রক্ষক | ১ | ১ | ১ |
| ১২। | সহকারী লাইব্রেরীয়ান | ১ | ১ | ১ |
| ১৩। | পি, এ, টু পরিচালক | ১ | ১ | – |
| ১৪। | আর্টিস্ট | ১ | | ১ |
| ১৫। | ব্যবস্থাপনা কর্মকর্তা | ১ | ১ | ১ |
| ১৬। | ফার্ম ম্যানেজার | ১ | ১ | ১ |
| ১৭। | হোস্টেল ম্যানেজার | ১ | – | ১ |
| ১৮। | ক্যাফেটারিয়া ম্যানেজার | ১ | – | ১ |
| | মোট | ৯ | ৬ | ৮ |
| ১৯। | তৃতীয় শ্রেণী | ৬০ | ৩৫ | ৫৮ |
| ২০। | চতুর্থ শ্রেণী | ৫৪ | ৫০ | ৫৫ |
| | সর্বমোট | ১৬৩ | ১১৩ | ১৫৮ |

উৎস : সাংগঠনিক বিন্যাস সম্বন্ধীয় সামরিক আইন কমিটির প্রতিবেদন ফেজ-৩, খন্ড-১০, অংশ-২, চ্যাপটার - ৪, পরিশিষ্ট - খ ।

## ৪.২ এনাম কমিটি কর্তৃক সংশোধিত লোকবল পর্যালোচনা

পূর্বোক্ত সারণী থেকে দেখা যায়, মন্জুরীকৃত ১৬৩ টি পদের বিপরীতে সামরিক আইন কমিটি ১৫৮ টি পদের সংশোধিত সাংগঠনিক কাঠামোর সুপারিশ পেশ করেন । মন্জুরীকৃত এবং সংশোধিত উভয় ক্ষেত্রেই প্রথম শ্রেণীর পদসংখ্যা একই (৩৭) থাকলেও কাঠামোতে উপ-পরিচালক এবং ইনসট্রাকটরের (অনুদেষ্টা) একটি করে পদ হ্রাস করে সহকারী ইনসট্রাকটরের (অনুদেষ্টা) পদসংখ্যা ২টি বৃদ্ধি করা হয় । সংশোধিত কাঠামোর ২য় শ্রেণীর পদ সংখ্যা ১টি হ্রাস করা হয় । পরিচালকের পি,এ পদটিকে ২য় শ্রেণীর পদ হতে বিলুপ্ত করা হয় । তৃতীয় শ্রেণীর পদ সংখ্যা ৫টি হ্রাস করা হয় এবং চতুর্থ শ্রেণীর পদ সংখ্যা ১টি বৃদ্ধি করা হয় ।

সংশোধিত সাংগঠনিক বিন্যাসে কিছু মৌলিক পরিবর্তনও আনয়ন করা হয় । পূর্বে ১ জন উপ-পরিচালক এর পদবী ছিল, উপ-পরিচালক (প্রশিক্ষণ) ও অপর দু'জন উপ-পরিচালক এর পদবী ছিল উপ-পরিচালক (গবেষণা) । সংশোধিত সাংগঠনিক বিন্যাসে দু'জন

উপ-পরিচালকের ১ জনের পদবী দেয়া হয় উপ-পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) ও অপর জনের পদবী দেয়া হয় উপ-পরিচালক (প্রকল্প ও মূল্যায়ন)। বলাবাহুল্য পদবী পরিবর্তনের সাথে সাথে তাঁদের কাজের ধরণও পরিবর্তিত হয়। পূর্ব অনুচ্ছেদের বর্ণনা মোতাবেক অনুদেষ্টা, সহযোগী অনুদেষ্টা ও সহকারী অনুদেষ্টাদের নির্দিষ্ট বিষয় ভিত্তিক দায়িত্ব দেয়া ছিল। সংশোধিত বিন্যাসে এদেরকে সমান দুভাগে ২ জন উপ-পরিচালকের অধীনে ন্যস্ত করা হয়।

## ৪.৩ এনাম কমিটির সুপারিশকৃত সংগঠন ছক

এনাম কমিটি কর্তৃক সুপারিশকৃত সংগঠন ছক পর্যালোচনার সুবিধার্থে পরবর্তী পৃষ্ঠায় সংযুক্ত করা হলো :

RURAL DEVELOPMENT ACADEMY, BOGRA
RURAL DEVELOPMENT AND COOPERATIVES DIVISION
MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT AND COOPERATIVES.

**ANNEXURE 'E'**

FUNCTIONS :

a. To lay down broad principles for the functioning of the Academy.
b. To formulate policy on the Rural Development Programme and implement the programme thereon.
c. To provide training to personnel of different nation building departments & agencies connected with rural development.
d. To conduct research in rural development and offer facilities for such research work.
e. To consider the annual report and the statement of accounts of the Academy.
f. To do such other jobs as may be necessary for furthering the objectivesof the Academy.

## ORGANISATION

**DIRECTOR** 158

Pers : 3
1 x Director
1 x Stenographer(PA)
1 x MLSS

**DEPUTY DIRECTOR (Training & Research)**

Pers : 37
1 x Dy. Director
4 x Instructor
7 x Associate Instructor
4 x Asstt. Instructor
1 x Artist
1 x Photographer
3 x Research Supervisor
3 x Tabulator
1 x UDA
1 x Stenographer
4 x LDA-cum-Typist
4 x Research Investigator
3 x MLSS

**DEPUTY DIRECTOR (Project & Evaluation)**

Pers : 31
1 x Dy. Director
4 x Instructor
7 x Associate Instructor
4 x Asstt. Instructor
2 x Research Supervisor
2 x Tabulator
1 x UDA
1 x Stenographer
4 x Research Investigator
2 x LDA-cum-Typist
3 x MLSS

**GENERAL ADMINISTRATION**

Pers : 39
1 x Administrative Officer
1 x UDA
1 x Caretaker
1 x Storekeeper
4 x LDA-cum-Typist
4 x Driver
1 x Duplicating Machine Operator
1 x Pump Driver
6 x Gardener
8 x Night Guard
3 x MLSS
8 x Sweeper

**ACCOUNTS**

Pers : 5
1 x Audit & Accounts Officer
1 x Accountant
1 x UDA
1 x LDA-cum-Typist
1 x MLSS

**GUEST HOUSE & HOSTEL**

Pers : 6
1 x Hostel Manager
2 x Hostel Assistant
1 x Cook
2 x Hostel Attendant

**CAFETARIA**

Pers : 12
1 x Cafateria Manager
1 x Storekeeper
3 x Salesman
2 x Cafetaria Assistant
2 x Cook
3 x Cook Asstt.

**LIBRARY**

Pers : 5
1 x Librarian
1 x Asstt. Librarian
1 x Cataloguer
1 x Library Asstt.
1 x MLSS

**FARM**

Pers : 12
1 x Farm Manager
1 x Tructor Driver
1 x Storekeeper
1 x Salesman
1 x Mechanic
1 x Pump Driver
4 x Gardener
2 x Sweeper

**CONSTRUCTION & MAINTENANCE**

Pers : 5
1 x Asstt. Engineer
1 x Maintenance overseer
1 x Electrician
1 x Mechanic
1 x Plumber

**MEDICAL CENTRE**

Pers : 3
1 x Medical Officer
1 x Compounder
1 x Dresser

| Sl. No. | Name of Post | Sanctioned | Existing | Revised |
|---|---|---|---|---|
| | Class-I | | | |
| 1. | Director | 1 | 1 | 1 |
| 2. | Deputy Director | 3 | 2 | 2 |
| 3. | Instructor | 9 | 4 | 8 |
| 4. | Associate Instructor | 14 | 7 | 14 |
| 5. | Asstt. Instructor | 6 | 4 | 8 |
| 6. | Librarian | 1 | 1 | 1 |
| 7. | Medical Officer (Physician re-designated) | 1 | 1 | 1 |
| 8. | Asstt. Enginner | 1 | 1 | 1 |
| 9. | Audit and Accounts Officer | 1 | 1 | 1 |
| | | 37 | 22 | 37 |
| | Class-II | | | |
| 10. | Administrative Officer | 1 | 1 | 1 |
| 11. | Accountant | 1 | x | 1 |
| 12. | Asstt. Librarian | 1 | 1 | 1 |
| 13. | P.A. to Director | 1 | 1 | x |
| 14. | Artist | 1 | 1 | 1 |
| 15. | Maintenance Overseer | 1 | 1 | 1 |
| 16. | Farm Manager | 1 | 1 | 1 |
| 17. | Hostel Manager | 1 | x | 1 |
| 18. | Cafetaria Manager | 1 | x | 1 |
| | | 9 | 6 | 8 |
| 19. | CLASS - III | 63 | 35 | 58 |
| 20. | CLASS - IV | 54 | 50 | 55 |
| | | 163 | 113 | 158 |

Authorisation of Transport, Major Office equipment & Miscellaneous points :

1. Transport : The Academy is authorised:-
   a. 1 x Car ( for use by the Director)
   b. 1 x Jeep( for use by the faculty member).
   c. 2 x Microbus ( for use by the Officers& Staff of the Academy).
2. Use of Transport will be as per Govt. instructions issued from time to time.
3. Office and operational equipment : The Academy is authorised to hold :
   a. 1 x Photostat Machine
   b. 4 x Refrigerator
   c. 3 x Lawn Mower
   d. 10 x Pocket Calculator
   e. 3 x Tape Recorder
   f. 2 x Camera
   g. 1 x Tractor
   h. 4 x Thresher
   i. 1 x Deep Tube-well
   j. 2 x Shallow Tube-well
   k. 1 x Wall Clock
   l. 9 x Type Writer.

BRIGADIER
(ENAMUL HUQ KHAN)
CHAIRMAN, MARTIAL LAW COMMITTEE
ON ORGANISATIONAL SET UP OF
PUBLIC STATUTORY CORPORATIONS ETC.

## ৪.৪ এনাম কমিটির পর্যালোচনাকালে একাডেমীর শূন্য পদসমূহের বিশ্লেষণ

সংশোধিত বিন্যাসের সময় বিভিন্ন পদে ১১৩ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত ছিলেন । অর্থাৎ প্রায় এক তৃতীয়াংশ পদই শূন্য ছিল ।

বিভিন্ন শ্রেণীতে এ সময়ে শূন্য পদের সংখ্যা সারণী - ২ এ দ্রষ্টব্য ।

সারণী - ৫

পর্যালোচনাকালে একাডেমীর শূন্যপদের বিন্যাস

| শ্রেণী | মন্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূন্য পদ | শূন্য পদের শতকরা হার |
|---|---|---|---|---|
| প্রথম শ্রেণী | ৩৭ | ২২ | ১৫ | ৪১ |
| ২য় শ্রেণী | ৯ | ৬ | ৩ | ৩৩ |
| ৩য় শ্রেণী | ৬৩ | ৩৫ | ২৮ | ৪৪ |
| ৪র্থ শ্রেণী | ৫৪ | ৫০ | ৪ | ৭ |
| মোট | ১৬৩ | ১১৩ | ৫০ | ৩১ |

## ৪.৫ একাডেমীর বিভিন্ন পদের পদবী পরিবর্তন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২৪শে মার্চ, ১৯৮৮ তারিখের এক আদেশ বলে পল্লী উন্নয়ন একাডেমীর বিদ্যমান পদগুলোর বেতনক্রম অপরিবর্তিত রেখে নতুন পদবী নির্ধারণে সরকারী অনুমোদন দান করা হয় । বিদ্যমান পদবী ও নতুন পদবী নিম্নে দেখানো হলো ।

| ক্রমিক নং | বিদ্যমান পদবী | নতুন পদবী |
|---|---|---|
| ১। | পরিচালক | মহা-পরিচালক |
| ২। | অতিরিক্ত পরিচালক | অতিরিক্ত মহা-পরিচালক |
| ৩। | উপ-পরিচালক | পরিচালক |
| ৪। | জ্যেষ্ঠ অনুদেষ্টা | অতিরিক্ত পরিচালক |
| ৫। | অনুদেষ্টা | যুগ্ম-পরিচালক |
| ৬। | সহযোগী অনুদেষ্টা | উপ-পরিচালক |
| ৭। | সহকারী অনুদেষ্টা | সহকারী পরিচালক |

## ৪.৬ একাডেমীর নামের পরিবর্তন ও দায়িত্বাবলীর পুনর্বিন্যাস

২৭শে আগষ্ট ১৯৮৯ এর অতিরিক্ত সংখ্যা বাংলাদেশ গেজেটে প্রকাশিত "বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী অধ্যাদেশ, ১৯৮৯ (অধ্যাদেশ নম্বর ৯, ১৯৮৯)" অনুযায়ী একাডেমীর নামকরণ হয় 'বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী' । এ অধ্যাদেশ ১লা জানুয়ারী, ১৯৯০ হতে কার্যকর করা হয় । এ অধ্যাদেশ অনুযায়ী একাডেমীর দায়িত্ব বিস্তৃতি লাভ করে যা নিম্নরূপ :

ক. পল্লী উন্নয়ন সম্পর্কিত যে কোন বিষয়ে গবেষণা পরিচালনা করা

খ. পল্লী উন্নয়ন কাজে নিয়োজিত সরকারী কর্মচারী ও অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান

গ. পল্লী উন্নয়নের কৌশল ও ক্রিয়া পদ্ধতির উপর পরীক্ষা ও তথ্যানুসন্ধান করা

ঘ. পল্লী উন্নয়ন সম্পর্কিত কর্মসূচী ও কার্যাবলীর মূল্যায়ন করা

ঙ. সরকার ও অন্যান্য সংস্থাকে পল্লী উন্নয়ন সম্পর্কে উপদেশ ও পরামর্শ দেওয়া

চ. পল্লী উন্নয়ন ক্ষেত্রে উচ্চতর গবেষণায় নিয়োজিত দেশী ও বিদেশী ব্যক্তিগণের কার্যাবলী পরিচালনা ও তত্ত্বাবধান করা বা কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সহযোগিতা করা

ছ. জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা

জ. পল্লী উন্নয়ন ক্ষেত্রে নীতি নির্ধারণে সাহায্য করা

ঝ. সরকারের অনুমোদনক্রমে বিদেশী আন্তর্জাতিক গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে পল্লী উন্নয়ন বিষয়ক যৌথ কর্মসূচী গ্রহণ করা

ঞ. সরকারের অনুমোদনক্রমে পল্লী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা

## ৪.৭ পূর্বের দায়িত্ব ও নতুন দায়িত্ব পর্যালোচনা

নতুন দায়িত্ব ও একাডেমীর [illegible] বর্ণিত দায়িত্ব পর্যালোচনা করলে দেখা যায়, পূর্বের সব কটা দায়িত্বের ৩টি দফা নতুন দায়িত্বে [illegible] নতুন দায়িত্বে গবেষণা ও মূল্যায়ন কার্যক্রমের উপর বেশী গুরুত্ব আরোপ করা হয় । পল্লী উন্নয়ন সম্পর্কে সরকারকে উপদেশ ও পরামর্শ প্রদান এবং সরকারের অনুমোদনক্রমে পল্লী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেট কোর্স প্রবর্তন করাও নতুন দায়িত্বের অন্তর্ভুক্ত করা হয় ।

একাডেমীর প্রতি নতুন দায়িত্ব অর্পণের ফলে এর কার্যক্রমের পরিধি যথেষ্ট ব্যাপকতা লাভ করে এবং নতুন নতুন ফ্যাকাল্টি ও শাখা সৃষ্টি হয় । এ পর্যায়ে একাডেমী কর্তৃক ইতোপূর্বে পেশকৃত ৩৪০টি পদের সংগঠন কাঠামোর দাবী (যা বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লার সম পরিমাণ) যৌক্তিকতা লাভ করে ।

লক্ষণীয় যে, নতুন দায়িত্ব অর্পণের সংগে সংগে একাডেমীর আমূল পরিবর্তন সাধিত হয় এবং ২টির স্থলে ৪টি ফ্যাকাল্টি স্থাপিত হয় । স্বাভাবিকভাবেই এনাম কমিটি সৃষ্ট সংগঠন কাঠামো ও লোকবলের পদসংখ্যার ধারণা পূর্ণরূপে অকার্যকর হয়ে উঠে ।

## ৪.৮ পুনর্বিন্যস্ত দায়িত্বাবলী পালনে সৃষ্ট পদ ও পরিবর্তিত সংগঠন কাঠামো

পুনর্বিন্যস্ত দায়িত্ব পালনের জন্য পর্যাপ্ত লোকবল প্রদানের দাবী পূরণার্থে মন্ত্রণালয় সম্মত হয় এবং ৩০৪টি লোকবল বিশিষ্ট নতুন এক সংগঠন কাঠামো বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী লাভ করে । বর্তমানে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর কাঠামো ৩০৪টি লোকবল বিশিষ্ট নতুন এক সংগঠন কাঠামোর উপর দন্ডায়মান । যার বর্তমান চিত্র এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট সংগঠন কাঠামো থেকে সম্পূর্ণ ভিন্নতর । বর্তমান সংগঠন কাঠামোটি পরবর্তী পৃষ্ঠাদ্বয়ে যুক্ত করা হলো :

# ORGANOGRAM



DIRECTOR GENERAL 304
Persons: 3
1 x Director General
1 x Stenographer (P.A.)
1 x MLSS
ADDL. DIRECTOR GENERAL 301
Persons: 3
1 x Addl. Director General
1 x Stenographer (P.A.)
1 x MLSS
DIRECTOR (Social Sciences) 30
Persons: 3
1 x Director
1 x Steno-Typist
1 x MLSS
ADDL. DIRECTOR 3
2 x Addl. Director
1 x MLSS
JOINT DIRECTOR 7
5 x Joint Director
2 x MLSS
DEPUTY DIRECTOR 9
8 x Dy. Director
1 x MLSS
ASSTT. DIRECTOR 8
8 x Asstt. Director
DIRECTOR (Agricultural Sciences) 51
Persons: 3
1 x Director
1 x Steno-Typist
1 x MLSS
ADDL. DIRECTOR 3
2 x Addl. Director
1 x MLSS
JOINT DIRECTOR 7
5 x Joint Director
2 x MLSS
DEPUTY DIRECTOR 9
8 x Dy. Director
1 x MLSS
ASSTT. DIRECTOR 8
8 x Asstt. Director
DEMONSTRATION FARM 21
1 x Farm Manager
1 x Livestock Asstt.
1 x Poultry Asstt.
1 x Horticulture Asstt.
1 x Store-Keeper
1 x Salesman
1 x Driver-cum-Mechanic
1 x Power Tiller Driver
1 x Rice Mill Operator
1 x Tructor Driver
3 x Cattle Keeper
2 x Poultry Rearer
2 x Night Guard
2 x Gardener
1 x Sweeper
1 x MLSS
DIRECTOR (Administration) 154
Persons: 3
1 x Director
1 x Steno-Typist
1 x MLSS
PROTOCOL & TRANSPORT SEC.
Persons: 32
1 x Protocol Officer
1 x Protocol Asstt.
1 x Transport Supervisor
4 x Telephone Operator
15 x Driver
1 x Recreation Centre Attendent
4 x Bus Helper
4 x Chowkidar-cum-Cook
( for Guest House of Bogra & Dhaka )
1 x MLSS
GENERAL ADMIN. 96
1 x Asstt. Director ( Admn. )
MAINTENANCE SEC.
Persons: 14
1 x Asstt. Engineer
3 x Sub-Asstt. Engineer
( 1 x Civil
1 x Electrical
1 x Mechanical )
1 x Draftsman
1 x Electrician
1 x Plumber
1 x Carpenter
3 x Pump Driver
1 x Power House Operator
2 x Skilled Maintenance Worker
( Carpentry, Masonery, Electrical & Plumbing )
ACCOUNTS SEC.
Persons: 5
1 x Accounts Officer
1 x Accountant
1 x Asstt. Accountant
1 x Cashier ( UDA Level )
1 x MLSS
MEDICAL SEC.
Persons: 4
1 x Medical Officer
1 x Compounder
1 x Dresser
1 x MLSS
ADMINISTRATIVE SEC.
Persons: 48
1 x Administrative Officer
1 x Head Asstt.
1 x Care-Taker
1 x UDA
1 x Store-Keeper
8 x LDA-cum-Typist
1 x Asstt. Store-Keeper
1 x Receipt & Despatch Clerk
1 x Despatch Rider
4 x MLSS
1 x Head Gardener
8 x Gardener
8 x Cleaner-cum-Sweeper
10 x Security Night Guard
3 x Main Gate Attendant
PUBLICATION SEC.
Persons: 4
1 x Publication Officer
1 x LDA-cum-Typist
1 x Gestetner Operator
1 x MLSS
HOSTEL
Persons: 19
1 x Manager
1 x Store-Keeper
2 x Hostel Asstt.
12 x Hostel Attendant
3 x Sweeper-cum-Cleaner
CAFETERIA
Persons: 22
1 x Cafeteria Manager
1 x Store-Keeper
2 x Cafeteria Asstt.
2 x Salesman
4 x Attendent
1 x Head Cook
2 x Cook
4 x Cook Asstt.
4 x Dish Wash-cum-Cleaner
1 x Sweeper
MOSQUE
Persons: 2
1 x Imam
1 x Khadem-cum-Muazzin

# RURAL DEVELOPMENT ACADEMY BOGRA

RURAL DEVELOPMENT AND COOPERATIVE DIVISION
MINISTRY OF LOCAL GOVERNMENT RURAL DEVELOPMENT AND COOPERATIVES

**DIRECTOR (Training, Research & Evaluation)** 63

Persons : 3
- 1x Director
- 1x Steno-Typist
- 1x MLSS

**TRAINING SEC.**

Persons: 9
- 1 x Asstt. Director
- 2 x Training Asstt.
- 6 x Class room attendent

**RESEARCH SEC.**

Persons: 16
- 1 x Asstt. Director
- 5 x Research Supervisor
- 8 x Research Investigator
- 1 x LDA-cum-Typist
- 1 x MLSS

**EVALUATION SEC.**

Persons: 3
- 1 x Asstt. Director
- 2 x Evaluation Asstt.

**STATISTICAL SEC.**

Persons: 7
- 1 x Asstt. Director
- 5 x Tabulator
- 1 x MLSS

**COMPUTER SEC.**

Persons: 4
- 1 x Asstt. Director
- 2 x Programmer Asstt.
- 1 x MLSS

**LIBRARY**

Persons: 12
- 1 x Librarian
- 1 x Asstt. Librarian
- 2 x Library Asstt.
- 1 x Cataloguer
- 1 x LDA-cum-Typist
- 1 x Documentation Asstt.
- 1 x Photocopier Machine Operator
- 1 x Book Binder/Daftory
- 2 x Gatemen
- 1 x MLSS

**AUDIO-VISUAL SEC.**

Persons: 9
- 1 x Audio-Visual Officer
- 1 x Artist
- 1 x Photographer
- 1 x Draftsmen
- 4 x Audio-Visual Technician
- 1 x MLSS

**SUMMARY OF MANPOWER**

| SL. NO. | NAME OF POST | NO. OF POST |
|---|---|---|
| | CLASS - I | |
| 1 | Director General | 1 |
| 2 | Addl. Director General | 1 |
| 3 | Director | 4 |
| 4 | Addl. Director | 4 |
| 5 | Joint Director | 10 |
| 6 | Protocol Officer | 1 |
| 7 | Deputy Director | 16 |
| 8 | Asstt. Director | 22 |
| 9 | Librarian | 1 |
| 10 | Asstt. Engineer | 1 |
| 11 | Medical Officer | 1 |
| 12 | Accounts Officer | 1 |
| | | 63 |
| 13 | CLASS - II | 15 |
| 14 | CLASS - III | 96 |
| 15 | CLASS - IV | 130 |
| | | 304 |

MONIR / 1991

এনাম কমিটি প্রতিবেদনে একাডেমীতে ২টি অনুষদের (ফ্যাকাল্টি) ব্যবস্থা ছিল। যথা : (১) প্রশিক্ষণ ও গবেষণা

(২) প্রকল্প ও মূল্যায়ন

বর্তমানে একাডেমীতে নিম্নবর্ণিত ৪টি অনুষদ রয়েছে :

(১) সামাজিক বিজ্ঞান

(২) কৃষি বিজ্ঞান

(৩) প্রশাসন

(৪) প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন

অনুষদ ওয়ারী বর্তমান জনবলের বিভাজন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | মহা-পরিচালক ও স্টাফ | ৩ |
| ২. | অতিরিক্ত মহা-পরিচালক ও স্টাফ | ৩ |
| ৩. | সমাজ বিজ্ঞান অনুষদ | ৩০ |
| ৪. | কৃষি বিজ্ঞান অনুষদ | ৫১ |
| ৫. | প্রশাসন অনুষদ | ১৫৪ |
| ৬. | প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন অনুষদ | ৬৩ |
| | সর্বমোট = | ৩০৪ |

## ৪.৯ বর্ধিত পদসৃষ্টির ক্ষেত্রে বিবেচিত বিষয়াবলী

বর্ধিত পদ সৃষ্টির কারণ হিসেবে পদ সৃষ্টির সময় যে বিষয়গুলি গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছিল তা হলো :-

১। ১১৮.১৩ একর জমির উপর প্রতিষ্ঠিত এই একাডেমীতে ৮০ একরের আয়তন বিশিষ্ট একটি খামার আছে। খামারে সারা বছরব্যাপী ধান, গম ও বিভিন্ন প্রকার শাক সব্জীর প্রদর্শণী খামারের ব্যবস্থা করা হয়। এ ছাড়াও একাডেমীতে একটি গবাদি পশু খামার ও একটি হাঁস-মুরগীর খামার আছে। এগুলি পরিচালনা করতে প্রচুর লোকবলের প্রয়োজন।

২। প্রায় একই উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কুমিল্লা পল্লী উন্নয়ন একাডেমীর তদানীন্তন লোকবল ছিল ৩৪০ । বগুড়া একাডেমী কর্তৃপক্ষের বক্তব্য ও যুক্তি ছিল এই যে, প্রয়োজনীয় লোকবলের অভাবে এই একাডেমী অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করতে পারছে না । যেমন অধিক সংখ্যক পাঠক্রম পরিচালনার মাধ্যমে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান সম্ভব হচ্ছে না । মূলত: অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের প্রতি গুরুত্ব আরোপ করেই একাডেমীর লোকবল বৃদ্ধি করা হয় এবং ২টির স্থলে ৪টি অনুষদে একাডেমীর কর্মকান্ড পুন:বির্ন্যস্ত করা হয় ।

## ৪.১০ এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট লোকবল ও বর্তমান সংগঠন ছকে বৃদ্ধিকৃত লোকবলের তুলনামূলক পর্যালোচনা

১৯৯০ সালে কার্যকরী অধ্যাদেশের পরিপ্রেক্ষিতে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী ৩০৪টি লোকবল বিশিষ্ট যে সংগঠন কাঠামো বর্তমানে লাভ করেছে, তার সংগে ১৯৮৪ সালে এনাম কমিটির সংশোধিত লোকবলের তুলনামূলক পর্যালোচনা করলে দেখা যায় যে, শতকরা ৯২ ভাগ (গড়ে) লোকবল বৃদ্ধি পেয়েছে । কোন্ শ্রেণীতে কি পরিমাণ লোকবল বৃদ্ধি পেলো তা সারণী - ৬ এ দেখা যেতে পারে :

সারণী - ৬

এনাম কমিটি সৃষ্ট পদ ও বর্তমান মন্জুরীকৃত পদের তুলনা

| ক্রমিক নং | পদের শ্রেণী | পদ সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | বর্তমান | এনাম কমিটি প্রতিবেদনে সৃষ্ট | বর্ধিত | বৃদ্ধির শতকরা হার |
| ১। | প্রথম শ্রেণী | ৬৩ | ৩৭ | ২৬ | ৭০ |
| ২। | দ্বিতীয় শ্রেণী | ১৫ | ৮ | ৭ | ৮৭ |
| ৩। | তৃতীয় শ্রেণী | ৯৬ | ৫৮ | ৩৮ | ৬৬ |
| ৪। | চতুর্থ শ্রেণী | ১৩০ | ৫৫ | ৭৫ | ১৩৬ |
| | মোট | ৩০৪ | ১৫৮ | ১৪৬ | ৯২ |

সারণী বিশ্লেষণে দেখা যায় এনাম কমিটির সৃষ্ট পদের তুলনায় বর্তমানে একাডেমীতে বর্ধিত পদের সংখ্যা ১৪৬টি (বৃদ্ধির শতকরা হার ৯২) । সর্বাপেক্ষা বেশী বৃদ্ধি পেয়েছে ৪র্থ শ্রেণীর পদ, যার শতকরা হার ১৩৬ ।

## ৪.১১ প্রথম শ্রেণীর পদের তুলনামূলক বিশ্লেষণ

প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ে এনাম কমিটির সৃষ্ট পদ ও বর্তমানে মন্জুরীকৃত পদের সংখ্যার বিস্তারিত তুলনামূলক চিত্র নিম্নের সারণীতে দ্রষ্টব্য :

সারণী - ৭

এনাম কমিটি সৃষ্ট প্রথম শ্রেণীর পদ ও বর্তমানে মন্জুরীকৃত প্রথম শ্রেণীর পদের তুলনা

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | বর্তমান | এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট | বর্ধিত | শতকরা বৃদ্ধির হার |
| ১। | মহা-পরিচালক (পরিচালক) | ১ | ১ | - | - |
| ২। | অতিরিক্ত মহা-পরিচালক | ১ | - | ১ | ১০০ |
| ৩। | পরিচালক (উপ-পরিচালক) | ৪ | ২ | ২ | ১০০ |
| ৪। | অতিরিক্ত পরিচালক | ৪ | - | ৪ | ৪০০ |
| ৫। | যুগ্ম-পরিচালক (অনুদেষ্টা) | ১০ | ৮ | ২ | ২৫ |
| ৬। | উপ-পরিচালক(সহযোগী অনুদেষ্টা) | ১৬ | ১৪ | ২ | ১৪ |
| ৭। | প্রটোকল অফিসার | ১ | - | ১ | ১০০ |
| ৮। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ | ১ | - | - |
| ৯। | মেডিকেল অফিসার | ১ | ১ | - | - |
| ১০। | সহকারী প্রকৌশলী | ১ | ১ | - | - |
| ১১। | সহাকারী পরিচালক(সহকারী অনুদেষ্টা) | ২২ | ৮ | ১৪ | ১৭৫ |
| ১২। | গ্রন্হাগারিক | ১ | ১ | - | ১০০ |
| | মোট | ৬৩ | ৩৭ | ২৬ | ৭০ |

(প্রযোজ্য ক্ষেত্রে পদবী পরিবর্তনের পূর্বে পদটির নাম বন্ধনীর মধ্যে দেখানো হয়েছে)।

## ৪.১২ দ্বিতীয় শ্রেণীর পদের তুলনামূলক বিশ্লেষণ

দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা পর্যায়ে এনাম কমিটির সৃষ্ট পদ ও বর্তমানে মন্জুরীকৃত পদের সংখ্যার বিস্তারিত তুলনামূলক চিত্র নিম্নের সারণীতে দ্রষ্টব্য :

সারণী - ৮

এনাম কমিটি সৃষ্ট দ্বিতীয় শ্রেণীর পদ ও বর্তমানে মন্জুরীকৃত দ্বিতীয় শ্রেণীর পদের তুলনা

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | বর্তমান | এনাম কমিটির প্রতিবেদনের সৃষ্ট | বর্ধিত | শতকরা বৃদ্ধির হার |
| ১। | প্রশাসনিক কর্মকর্তা | ১ | ১ | – | – |
| ২। | হিসাব রক্ষক | ১ | ১ | – | – |
| ৩। | সহকারী গ্রন্থাগারিক | ১ | ১ | – | – |
| ৪। | শিল্পী | ১ | ১ | – | – |
| ৫। | সংরক্ষণকারী ওভারশিয়ার | ১ | ১ | – | – |
| ৬। | খামার ব্যবস্থাপক | ১ | ১ | – | – |
| ৭। | হোস্টেল ব্যবস্থাপক | ১ | ১ | – | – |
| ৮। | ক্যাফেটারিয়া ম্যানেজার | ১ | ১ | – | – |
| ৯। | পরিচালকের ব্যক্তিগত সহকারী | ১ | – | ১ | ১০০ |
| ১০। | অডিওভিজুয়াল অফিসার | ১ | – | ১ | ১০০ |
| ১১। | উপ-সহকারী প্রকৌশলী | ৩ | – | ৩ | ৩০০ |
| ১২। | ইমাম | ১ | – | ১ | ১০০ |
| ১৩। | প্রকাশনা কর্মকর্তা | ১ | – | ১ | ১০০ |
| | মোট | ১৫ | ৮ | ৭ | ৮৭ |

## ৪.১৩ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ বৃদ্ধি বিশ্লেষণ

তৃতীয় ও চতুর্থ শ্রেণীর লোকবল বৃদ্ধি পরীক্ষা করলে দেখা যায় এনাম কমিটির প্রতিবেদনের তুলনায় বর্তমানে নিম্নোক্ত ক্ষেত্রে লোকবল বৃদ্ধি পেয়েছে :

| তৃতীয় শ্রেণী | | বর্ধিত পদ সংখ্যা |
|---|---|---|
| ১। | প্রধান সহকারী | ১ |
| ২। | গ্রন্থাগার সহকারী | ২ |
| ৩। | প্রোগ্রাম সহকারী | ২ |
| ৪। | মূল্যায়ন সহকারী | ২ |
| ৫। | গুদাম রক্ষক | ১ |
| ৬। | প্রশিক্ষণ সহকারী | ২ |
| ৭। | ক্যাশিয়ার | ১ |
| ৮। | যানবাহন তত্ত্বাবধায়ক | ১ |
| ৯। | প্রটোকল সহকারী | ১ |
| ১০। | পশু পালন সহকারী | ১ |
| ১১। | পোলট্রি সহকারী | ১ |
| ১২। | উদ্যান সহকারী | ১ |
| ১৩। | ড্রাফটসম্যান | ২ |
| ১৪। | গাড়ীচালক | ১১ |
| ১৫। | কার্পেন্টার | ১ |
| ১৬। | টেলিফোন অপারেটর | ১ |
| ১৭। | সহকারী গুদাম রক্ষক | ১ |

| চতুর্থ শ্রেণী | | বর্ধিত পদ সংখ্যা |
|---|---|---|
| ১। | রাইছ মিল অপারেটর | ১ |
| ২। | পাওয়ার টিলার অপারেটর | ১ |
| ৩। | পা: হা: অপারেটর | ১ |
| ৪। | অডিওভিজুয়াল টেকনিশিয়ান | ৪ |
| ৫। | ডু: মে: অপারেটর | ১ |
| ৬। | প্রধান বাবুর্চি | ১ |
| ৭। | খাদেম কাম মুয়াজ্জিন | ১ |
| ৮। | ডেসপাচ রাইডার | ১ |
| ৯। | প্রধান মালী | ১ |
| ১০। | হোস্টেল এ্যাটেনডেন্ট | ১০ |
| ১১। | প্রহরী | ৪ |
| ১২। | মেইন গেট এ্যাটেনডেন্ট | ৩ |
| ১৩। | ডিসওয়াশার | ৪ |
| ১৪। | স্কিল্ড মেইনটেন্যান্স ওয়ার্কার | ২ |
| ১৫। | বাস হেলপার | ৪ |
| ১৬। | ক্যাটল কিপার | ৩ |
| ১৭। | পোলট্রি রিয়ারার | ২ |

| | | |
|---|---|---|
| ১৮। | কিচেনার | ১ |
| ১৯। | চৌকিদার কাম কুক | ২ |
| ২০। | পিয়ন | ১৬ |
| ২১। | ক্লাশ রুম এ্যাটেনডেন্ট | ৬ |
| ২২। | বুক বাইন্ডার | ১ |
| ২৩। | গেট ম্যান | ২ |
| ২৪। | বিনোদন কেন্দ্র এ্যাটেনডেন্ট | ১ |
| ২৫। | ক্যাফেটারিয়া এ্যাটেনডেন্ট | ২ |

## ৪.১৪ একাডেমীর বর্তমান মন্জুরীকৃত পদ ও শূন্য পদের পর্যালোচনা

পরিবর্ধিত দায়িত্বাবলী পালনের জন্য একাডেমী ৩০৪টি পদ বিশিষ্ট যে লোকবল কাঠামো লাভ করে; তা কিন্তু কোন সময়েই পূরণ করা সম্ভবপর হয়নি। তথ্য সংগ্রহ কালে ১১৯টি পদ শূন্য দেখা যায়, যা মোট মন্জুরীকৃত লোকবলের শতকরা ৩৯ ভাগ। উল্লেখযোগ্য যে, প্রথম শ্রেণীর পদের শতকরা ৪৯ ভাগ বর্তমানে শূন্য রয়েছে। অন্যান্য শ্রেণীসহ শূণ্য পদের অবস্থা সারণী -৯ এ দেখানো হলো :

সারণী - ৯

মন্জুরীকৃত পদ ও বর্তমান শূণ্য পদের বিবরণ

| ক্রমিক নং | পদের ধরন | পদ সংখ্যা: মন্জুরীকৃত | পদ সংখ্যা: বাস্তবে কর্মরত | পদ সংখ্যা: শূণ্য | শূণ্য পদের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১। | প্রথম শ্রেণী | ৬৩ | ৩২ | ৩১ | ৪৯ |
| ২। | দ্বিতীয় শ্রেণী | ১৫ | ১০ | ৫ | ৩৩ |
| ৩। | তৃতীয় শ্রেণী | ৯৬ | ৭৩ | ২৩ | ২৪ |
| ৪। | চতুর্থ শ্রেণী | ১৩০ | ৭০ | ৬০ | ৪৬ |
| | মোট | ৩০৪ | ১৮৫ | ১১৯ | ৩৯ |

## ৪.১৫ প্রথম শ্রেণীর শূন্য পদের বিবরণ

বর্তমানে মঞ্জুরীকৃত প্রথম শ্রেণীর ৬৩টি পদের মধ্যে তথ্য সংগ্রহকালে ৩১টি পদ (৪৯%) শূন্য দেখা গেছে (সারণী-১০ দ্রষ্টব্য) । পদওয়ারী শূন্য পদের বিবরণী নিম্নের সারণীতে দ্রষ্টব্য :

সারণী - ১০

প্রথম শ্রেণীর মঞ্জুরীকৃত ও শূন্য পদের পদওয়ারী বিবরণ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | | | শূন্য পদের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | মঞ্জুরীকৃত | বাস্তবে কর্মরত | শূন্য | |
| ১। | মহা-পরিচালক | ১ | ১ | ০ | ০ |
| ২। | অতিরিক্ত মহা-পরিচালক | ১ | ০ | ১ | ১০০ |
| ৩। | পরিচালক | ৪ | ২ | ২ | ৫০ |
| ৪। | অতিরিক্ত পরিচালক | ৪ | ২ | ২ | ৫০ |
| ৫। | যুগ্ম-পরিচালক | ১০ | ৫ | ৫ | ৫০ |
| ৬। | প্রটোকল অফিসার | ১ | ০ | ১ | ১০০ |
| ৭। | উপ-পরিচালক | ১৬ | ১০ | ৬ | ৩৭ |
| ৮। | সহকারী পরিচালক | ২২ | ৯ | ১৩ | ৫৯ |
| ৯। | গ্রন্হাগারিক | ১ | ০ | ১ | ১০০ |
| ১০। | সহকারী প্রকৌশলী | ১ | ১ | ০ | ০ |
| ১১। | মেডিকেল অফিসার | ১ | ১ | ০ | ০ |
| ১২। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ | ১ | ০ | ০ |
| | মোট | ৬৩ | ৩২ | ৩১ | ৪৯ |

সারণী - ১০ থেকে প্রতীয়মান হয় যে, শতকরা ৪৯ ভাগ প্রথম শ্রেণী পদই তথ্য সংগ্রহকালে শূন্য ছিল । অতিরিক্ত মহা-পরিচিালক, প্রটোকল অফিসার ও গ্রন্হাগারিকের ১টি করে পদের বিপরীতে কেউই কর্মরত ছিলেন না । সহকারী পরিচালকের শূন্য পদের শতকরা হার ৫৯ । পরিচালক, অতিরিক্ত পরিচালক ও যুগ্ম-পরিচালকের শূন্য পদের শতকরা হার ৫০ । উপ-পরিচালকের শূন্য পদের শতকরা হার ৩৭ ।

প্রসংগত উল্লেখ্য, এনাম কমিটির প্রতিবেদনে সৃষ্ট প্রথম শ্রেণীর পদের সংখ্যা ছিল ৩৭ । তথ্য সংগ্রহকালে দেখা গেছে একাডেমীটিতে যদিও পরবর্তীতে এনাম

কমিটির সৃষ্ট পদের শতকরা ৭০ ভাগ (২৬টি) পদ বৃদ্ধি করা হয়েছে, কিন্তু কার্যত: একাডেমী এনাম কমিটির সৃষ্ট প্রথম শ্রেণীর লোকবলের ৫ জন কম লোকবল দিয়েই কাজ করে যাচ্ছিল ।

## ৪.১৬ বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর সরঞ্জামাদি তালিকা (টি ও ই) পর্যালোচনা

এনাম কমিটির প্রতিবেদনের ফলে একটি মঞ্জুরীকৃত সরঞ্জামাদি তালিকা ১৯৮৪ সালে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর জন্য বলবৎ হয় । এরপর ১৯৯০ সালে একাডেমীর নাম পরিবর্তন ও দায়িত্বাবলীর পরিবর্ধন ঘটে । পরবর্তীকালে মঞ্জুরীকৃত পদ সংখ্যাও শতকরা ৯২ ভাগ বৃদ্ধি পায়, যা প্রায় দ্বিগুণের সমান । কিন্তু সরঞ্জামাদি তালিকাটির কোন পরিবর্তন ঘটেনি । এ বিষয়ে একাডেমী কয়েক দফা উদ্যোগ গ্রহণ করে বিফল হয়েছে ।

পরিবর্ধিত দায়িত্বাবলী ও লোকবলের ক্ষেত্রে সরঞ্জামাদি তালিকা পরিবর্ধিত না হওয়ায় একাডেমী কতিপয় বিকল্প পথ অনুসরণ করে । অন্যান্য সংস্থার ন্যায় এই একাডেমী প্রয়োজনীয় দ্রব্যাদি বিভিন্ন খাতের অর্থ থেকে ক্রয় করেছে এবং বিভিন্ন প্রকল্প সৃষ্টির মাধ্যমে সে সব দ্রব্যাদির ক্রয়কে অনুমোদনীয় করে তুলেছে । যে কোন একটি প্রকল্প সৃষ্টি করে সেই প্রকল্পের বাজেট থেকে প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করা হয়েছে । পরে সেই প্রকল্প পরিসমাপ্ত হলে সামগ্রী ও সরঞ্জামাদি একাডেমীর সম্পদ হিসেবে ন্যস্ত হয়েছে ।

এনাম কমিটি সৃষ্ট টি ও ই এবং বর্তমানে একাডেমীর সরঞ্জামাদির তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো :

| | | এনাম কমিটির মঞ্জুরীকৃত | বর্তমানে একাডেমীতে বিদ্যমান |
|---|---|---|---|
| ১. | যানবাহন | | |
| | কার | ১টি | ৬টি |
| | জীপ | ১টি | ৩টি |
| | মাইক্রোবাস | ২টি | ৮টি |
| | মিনি বাস | ০ | ১টি |
| | পিক আপ | ০ | ১টি |
| | মোট | ৪ টি | ১৯টি |

২. অন্যান্য সমাগ্রী

| | | | |
|---|---|---|---|
| ক. | ফটোস্ট্যাট মেশিন | ১টি | ৩টি |
| খ. | রেফ্রিজারেটর | ৪টি | ৬টি |
| গ. | ঘাসকাটা মেশিন | ৩টি | ৫টি |
| ঘ. | পকেট ক্যালকুলেটর | ১০টি | ২২টি |
| ঙ. | টেপ রেকর্ডার | ৩টি | ৬টি |
| চ. | ক্যামেরা | ২টি | ৩টি |
| ছ. | ট্রাক্টর | ১টি | ২টি |
| জ. | মাড়াই মেশিন | ৪টি | ৫টি |
| ঝ. | ডীপ টিওবওয়েল | ১টি | ২টি |
| ঞ. | স্যালো টিওবওয়েল | ১টি | ২টি |
| ট. | দেয়াল ঘড়ি | ১টি | ৪টি |
| ঠ. | টাইপরাইটার মেশিন | ৯টি | ২৪টি |

যে সমস্ত দ্রব্য/সরন্জাামের বর্ণনা টি ও ই তে ছিলনা, অথচ বর্তমানে একাডেমীতে আছে, সেগুলোর তালিকা নিম্নে দেয়া হলো :

| | | |
|---|---|---|
| ক. | টেলিফোন একসচেন্জ | ১টি (নতুন এবং এন ডবিউ ডি লাইন সম্পন্ন) |
| খ. | জেনারেটর | ১টি |
| গ. | কম্পিউটার | ৪টি |
| ঘ. | ভিডিও ক্যামেরা | ১টি |
| ঙ. | টেলিভিশন | ৩টি |
| চ. | ভিসিপি | ১টি |
| ছ. | ভিসিআর | ১টি |
| জ. | পাওয়ার টিলার | ১টি |

বর্তমানে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীতে যে সমস্ত সরন্জাম আছে, তার সবগুলিই অত্যন্ত প্রয়োজনীয় । অত্যন্ত সংগত কারণেই একাডেমীকে এ সমস্ত সামগ্রী ক্রয় ও ব্যবহার করতে হচ্ছে । কিন্তু অনুমোদিত পথে টি ও ই এর পরিবর্তন না হওয়ার ফলে বিভিন্ন প্রকল্পের খাতে ক্রয় করতে হয়েছে এবং তা একাডেমীর সম্পদে পরিণত করতে হয়েছে ।

## পঞ্চম অধ্যায়

## একাডেমীর সম্পাদিত কার্যক্রম মূল্যায়ন

### ৫.১ সম্পাদিত কার্যক্রম মূল্যায়নের পর্যায়

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে দুটি পর্যায়কে পৃথকভাবে তুলনামূলক পর্যালোচনা করা হলে তা অধিকতর যৌক্তিক হবে । প্রথম পর্যায়ে এনাম কমিটি সৃষ্ট ১৫৮ জন লোকবল সমৃদ্ধ অবস্থায় সম্পাদিত কার্যক্রম (১৯৮৪-১৯৮৯ সাল পর্যন্ত) এবং দ্বিতীয় পর্যায়ে ১৯৯০ সালের পরবর্তীকালে ৩০৪ জন লোকবল সমৃদ্ধ কার্যক্রম । স্মরণযোগ্য যে, ১৮৫ জন লোকবল নিয়েই ১৯৯০ সাল পরবর্তী একাডেমীর কার্যক্রম চলমান আছে, ৩০৪ জন লোকবল নিয়োগ তখন পর্যন্ত একাডেমীর পক্ষে সম্ভবপর হয়নি । তবু ১৫৮ জনের স্থলে ১৮৫ জন লোকবল প্রাপ্তির ফলে কার্যক্রমের ক্ষেত্রে যে পরিবর্তন ও পরিবর্ধন সূচীত হয়েছে, তা পর্যালোচনা ও মূল্যায়ন করা যেতে পারে । এই গবেষণায় ১৯৮৬-৮৭ অর্থ বছর থেকে ১৯৯০-৯১ অর্থ বছর পর্যন্ত সময়ের প্রশিক্ষণ, গবেষণা এবং কর্মসূচী/প্রকল্প/প্রায়োগিক গবেষণা বিষয়ক কার্যক্রমের বিশ্লেষণ সন্নিবেশিত হলো ।

### ৫.২ প্রশিক্ষণ কার্যক্রম

বিগত ৫ বছরের প্রশিক্ষণ কার্যক্রম বিশ্লেষণে দেখা যায় যে, মোট ৩৬ প্রকারের প্রশিক্ষণ কোর্স বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীতে পরিচালিত হয়েছে । এর মধ্যে ৯০ সাল পূর্ববর্তী সময়ে ২৪ প্রকার প্রশিক্ষণ কোর্স চালু ছিল, ৯০ সাল পরবর্তী সময়ে ১২ প্রকার প্রশিক্ষণ কোর্স নতুনভাবে সংযুক্ত হয়েছে ।

প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়িত কার্যদিবসের সাল-ওয়ারী হিসেব অনুযায়ী ১৯৮৬-৮৭ অর্থ বছরে ১২,৪২৯ কার্যদিবস, ১৯৮৭-৮৮ অর্থ বছরে ৫,০৮৭ কার্যদিবস, ১৯৮৮-৮৯ অর্থ বছরে ১৯,৫১৭ কার্যদিবস, ১৯৮৯-৯০ অর্থ বছরে ২৮,৬৮৬ কার্যদিবস এবং ১৯৯০-৯১ অর্থ বছরে ৫৯,৪১৯ কার্যদিবস ব্যয়িত হয়েছে । লক্ষণীয় যে, ১৯৯০-৯১ অর্থ বছরে প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়িত কার্যদিবস অন্যান্য অর্থ বছরের দ্বিগুণ থেকে আরম্ভ করে ১২ গুণ পর্যন্ত বর্ধিত হয়েছে । সারণী ১১তে ব্যয়িত কার্যদিবসের তালিকা অবলোকন করা যেতে পারে ।

## সারণী - ১১

### বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর প্রশিক্ষণের বিষয় এবং প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়িত সাল-ওয়ারী কার্য দিবস

| ক্রমিক নং | কোর্সের নাম | সাল-ওয়ারী ব্যয়িত কার্য দিবস | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ৮৬-৮৭ | ৮৭-৮৮ | ৮৮-৮৯ | ৮৯-৯০ | ৯০-৯১ |
| ১। | সেচ ব্যবস্থাপনা কর্মসূচী প্রশিক্ষণ | * | * | * | * | * |
| ২। | পল্লী উন্নয়ন অবহিতকরণ কোর্স | ৪৮৯০ | ১১৫০ | ১৬৮৮ | ৫৮২ | ৭৮৪ |
| ৩। | সামাজিক বনায়ন প্রশিক্ষণ কোর্স | ১২ | | | | ৪৮ |
| ৪। | পল্লী দরিদ্র কর্মসূচীর উপর প্রশিক্ষণ | ২০৪০ | ৬৪৪ | ১৫৪৫ | ৫১৩০ | |
| ৫। | গবেষণা প্রশিক্ষণ | ৩০০ | | ১৬৪ | | |
| ৬। | পল্লী উন্নয়ন ও হিসাবরক্ষণ প্রশিক্ষণ | ১৪৭ | | | | |
| ৭। | সেলাই প্রশিক্ষণ | ৩৭৮০ | | | | |
| ৮। | মেকানিকস প্রশিক্ষণ | ১২৬০ | | | | ২৮২০ |
| ৯। | প্রশিক্ষকদের প্রশিক্ষণ | | ৭১৩ | ২৫ | | |
| ১০। | মৌমাছি পালন প্রশিক্ষণ | | ৩৭২ | | | |
| ১১। | ধাত্রী প্রশিক্ষণ | | * | | | |
| ১২। | নার্সারী উন্নয়ন প্রশিক্ষণ | | ৬৭২ | * | | ৮৪০ |
| ১৩। | রেশম উৎপাদন প্রশিক্ষণ | | ৩০০ | | | |
| ১৪। | ভূ-গর্ভস্থ পানি জরীপ প্রশিক্ষণ | | ১১ | | | |
| ১৫। | বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ফিল্ড ওয়ার্ক প্রশিক্ষণ | | ২২৫ | – | ২৩৪ | ২৫২ |
| ১৬। | ইপিআই প্রশিক্ষণ | | ১০০০ | ৬১২৫ | | |
| ১৭। | রিফ্রেসার্স কোর্স | | | * | | |
| ১৮। | নলকূপ মেকানিকস প্রশিক্ষণ | | | ১২০০ | | ৬৮৭ |
| ১৯। | বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স | | | ৬৮৪০ | ১৯৫০০ | ১৮৭২০ |
| ২০। | প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা প্রশিক্ষণ | | | ১৭৭০ | ২৮৫০ | |
| ২১। | আইএমপি'র উপর প্রশিক্ষণ | | | | * | |
| ২২। | প্রশিক্ষকদের অবহিতকরণ কোর্স | | | | ৬০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৩। ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ | | | | ১৩৮ | |
| ২৪। কম্পিউটার প্রশিক্ষণ | | | ১৬০ | ২০০ | ১৩২ |
| ২৫। গণশিক্ষা কার্যক্রম | | | | | ৩০০০০ |
| ২৬। ছাগল পালন প্রশিক্ষণ | | | | | ১০৮ |
| ২৭। পোল্ট্রী, ডেয়ারী ও প্রাথমিক সবাস্থ্য পরিচর্যা প্রশিক্ষণ | | | | | ১২০৯ |
| ২৮। শিক্ষা সফর | | | | | ১২৪২ |
| ২৯। সংগঠকদের মৌলিক প্রশিক্ষণ কোর্স | | | | | ১১১৫ |
| ৩০। ওরিয়েন্টেশন কোর্স | | | | | ১৬১ |
| ৩১। পাঠ্যপুস্তক ট্রাই আউট সংক্রান্ত প্রশিক্ষণ | | | | | ৩২০ |
| ৩২। সমবায়ীদের প্রশিক্ষণ | | | | | ৩৫৭ |
| ৩৩। পারিবারিক শাক-সব্জী চাষ প্রশিক্ষণ | | | | | ৬০ |
| ৩৪। রুরাল সেনিটেশন প্রশিক্ষণ | | | | | ৩৮২ |
| ৩৫। ব্যবহারিক প্রশিক্ষণ | | | | | ৯০ |
| ৩৬। পল্লী উন্নয়ন-১২ প্রকল্পের প্রশিক্ষণ সামগ্রী তৈরী ও ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ | | | | | ৯২ |
| | ১২৪২৯ | ৫০৮৭ | ১৯৫১৭ | ২৮৬৮৬ | ৫৭৪১৯ |

বি:দ্র: তারকাচিহ্নিত (*) স্থানসমূহে কোর্স অনুষ্ঠিত হয়েছে কিন্তু কোর্সের মেয়াদ অথবা প্রশিক্ষণার্থীর সংখ্যা পাওয়া যায়নি ।

উৎস : বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর ৫ বছরের (১৯৮৬-৮৭ থেকে ১৯৯০-৯১ অর্থ বছর পর্যন্ত) বার্ষিক প্রতিবেদন থেকে সংগৃহীত ।

## ৫.৩ গবেষণা কার্যক্রম

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীতে চার ধরনের গবেষণা পরিচালিত হয়ে থাকে । সেগুলো হলো : জরীপ গবেষণা, ঘটনা সমীক্ষা, মূল্যায়নধর্মী গবেষণা ও প্রায়োগিক গবেষণা । ১৯৮৬-৮৭ অর্থ বছরে ৫টি, ৮৭-৮৮ অর্থ বছরে ৮টি, ৮৮-৮৯ অথ বছরে ৬টি, ৮৯-৯০ অর্থ বছরে ৬টি এবং ৯০-৯১ অর্থ বছরে ৯টি গবেষণা সম্পাদিত হয়েছে । ১৯৯০-৯১ অর্থ বছরে আরও ১২টি গবেষণা কর্ম সমাপ্তির পথে ছিল । গবেষণার ক্ষেত্রেও দেখা যাচ্ছে যে, ৯০ সালের পূর্ববর্তী বছর সমূহের তুলনায় ৯০-৯১ অর্থ বছরে এর সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে । সারণী ১২তে গবেষণাসমূহের ধরন ও সংখ্যা উল্লেখ করা হলো ।

সারণী - ১২

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী কর্তৃক সম্পাদিত গবেষণা প্রকল্পের ধরন ও সাল-ওয়ারী সংখ্যার বিন্যাস

| গবেষণার ধরন | সাল-ওয়ারী সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| | ৮৬-৮৭ | ৮৭-৮৮ | ৮৮-৮৯ | ৮৯-৯০ | ৯০-৯১ |
| জরীপ গবেষণা | – | ৩ | ২ | ২ | ৩ |
| ঘটনা সমীক্ষা | ১ | ২ | ২ | ৩ | ৩ |
| মূল্যায়ন ধর্মী গবেষণা | ৪ | ১ | ২ | – | ৩ |
| প্রায়োগিক গবেষণা | – | ২ | – | ১ | – |
| মোট | ৫ | ৮ | ৬ | ৬ | ৯ |

বি: দ্র: ১৯৯০-৯১ অর্থ বছরে আরও ১২টি গবেষণা প্রকল্প সমাপ্তির পর্যায়ে চলমান ছিল ।

উৎস : বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর পাঁচ বছরের (১৯৮৬-৮৭ থেকে ১৯৯০-৯১ অর্থ বছর পর্যন্ত) বার্ষিক প্রতিবেদন থেকে সংগৃহীত ।

৫.৪ প্রকল্প/কর্মসূচী ও প্রায়োগিক গবেষণা

১৯৮৬-৮৭ অর্থ বছরে একাডেমীতে মাত্র ৫টি প্রকল্প চালু ছিল। ১৯৮৭-৮৮ অর্থ বছরে প্রকল্পের সংখ্যা ৮টি, ৮৮-৮৯ অর্থ বছরে ৮টি, ৮৯-৯০ অর্থ বছরে ৭টি এবং ১৯৯০-৯১ অর্থ বছরে ১০টি প্রকল্প চলমান ছিল। এ ক্ষেত্রে ৯০-৯১ অর্থ বছরে প্রকল্পের সংখ্যা কেবল বৃদ্ধি পেয়েছে তা নয়, বরঞ্চ সম্পূর্ণ নতুন ৪টি প্রকল্প এই অর্থ বছরে গৃহীত হয়েছে। সেদিক থেকে ৯০-৯১ অর্থ বছরে লোকবল বৃদ্ধির সংগে প্রকল্প বৃদ্ধির একটি ইতিবাচক সম্পর্ক পরিলক্ষিত হয়। সারণী ১৩ তে প্রকল্প/কর্মসূচী বিষয়ক তালিকা সংযুক্ত হলো।

সারণী - ১৩

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী কর্তৃক প্রকল্প/কর্মসূচী ও প্রায়োগিক গবেষণার সাল-ওয়ারী বিন্যাস

| প্রকল্প/কর্মসূচী ও প্রায়োগিক গবেষণার বিষয় | সাল-ওয়ারী কর্মসূচীর তালিকা | | | | |
|---|---|---|---|---|---|
| | ৮৬-৮৭ | ৮৭-৮৮ | ৮৮-৮৯ | ৮৯-৯০ | ৯০-৯১ |
| ১। বিদ্যালয় বহির্ভূত শিশু ও তাদের পরিবারের জন্য সমন্বিত কর্মসূচী | √ | √ | √ | √ | - |
| ২। ছাগল পালন প্রকল্প | √ | - | - | - | - |
| ৩। সেচ ব্যবস্থাপনা প্রশিক্ষণ কার্যক্রম | √ | - | - | - | - |
| ৪। প্রদর্শণী খামার (৭২.৬৮ একর জমি) | √ | √ | √ | √ | √ |
| ৫। গাভী পালন প্রকল্প | √ | √ | √ | √ | √ |
| ৬। ভূমিহীন মহিলা উন্নয়ন প্রকল্প | - | √ | √ | √ | √ |
| ৭। মৌমাছি প্রকল্প | - | √ | √ | - | - |
| ৮। গ্রাম সংগঠনের মাধ্যমে উন্নয়ন | - | √ | √ | - | - |
| ৯। উপজেলা মডেল সেচ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন প্রায়োগিক গবেষণা প্রকল্প | - | √ | √ | √ | √ |
| ১০। সমন্বিত ব্যবস্থাপনায় ফসল উৎপাদন | - | √ | - | - | - |
| ১১। সমন্বিত পল্লী উন্নয়নে সামাজিক বনায়ন প্রকল্প | - | - | √ | √ | √ |
| ১২। গ্রামীণ সংগঠনের মাধ্যমে পল্লী উন্নয়ন | - | - | - | √ | √ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। ক্ষুদ্র সেচ ও গৃহস্থালী কাজে পানি সম্পদ উন্নয়ন প্রকল্প | - | - | - | - | ✓ |
| ১৪। একাডেমী গণশিক্ষা কার্যক্রম | - | - | - | - | ✓ |
| ১৫। একাডেমী উদ্যান নার্সারী ও সব্জী ইউনিট | - | - | - | - | ✓ |
| ১৬। একাডেমী পরিসীমা বনায়ন | - | - | - | - | ✓ |

বি:দ্র: টিক (✓) চিহ্ন দ্বারা প্রকল্প/কর্মসূচীর অবস্থান বা বিদ্যমানতা বুঝানো হয়েছে ।

উৎস : পল্লী উন্নয়ন একাডেমীর ৫ বছরের (১৯৮৬-৮৭ থেকে ১৯৯০-৯১ অর্থ বছর পর্যন্ত) বার্ষিক প্রতিবেদন থেকে সংগৃহীত ।

৫.৫ সেমিনার/কর্মশালা প্রভৃতি কার্যক্রম

একাডেমীতে বিগত পাঁচ বছরে উল্লেখযোগ্য সংখ্যক সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কিন্তু ১৯৯০-৯১ অর্থ বছরের পূর্বে অনুষ্ঠিত সেমিনার ও কর্মশালার পর্যাপ্ত উপাত্ত সংরক্ষিত ছিলনা বলে বিষয়টি সার্বিকভাবে বিশ্লেষণ করা সম্ভবপর হচ্ছেনা । তবে ১৯৯০-৯১ অর্থ বছরে একাডেমীতে মোট ১৭টি সেমিনার ও কর্মশালায় ৩৪টি কার্যদিবস ব্যয়িত হয়েছে এবং সর্বমোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১,০২৪ জন ।

৫.৬ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লার সমান সংখ্যক লোকবল নিয়ে কার্যক্রম সম্পাদনের দাবীর পরিপ্রেক্ষিতে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী মোট ৩০৪ জন লোকবল সম্পন্ন একটি সংগঠন কাঠামো লাভ করেছে ১৯৯০ সালে । এখন পর্যন্ত একাডেমীর লোকবল ১৮৫ জনের মধ্যে সীমাবদ্ধ থাকলেও ১৯৯০ সালে প্রাপ্ত বাড়তি জনবলের ফলে একাডেমীর প্রশিক্ষণ, গবেষণা, প্রকল্প/কর্মসূচী/প্রায়োগিক গবেষণা এবং সেমিনার ও কর্মশালার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে । এ হিসেবে বলা যায় যে, মন্জুরীকৃত লোকবল প্রাপ্ত হলে একাডেমীটি তার উপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে সম্পাদনে সক্ষম হয়ে উঠবে ।

ষষ্ঠ অধ্যায়

# পর্যালোচনা, সুপারিশ ও উপসংহার

## ৫.১ পর্যালোচনা

৫.১ (ক) বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর ক্ষেত্রে এনাম কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, ১৯৮৪ সালে গৃহীত ও জারিকৃত প্রতিবেদন একাডেমীর তৎকালীন দায়িত্বাবলী, কার্যক্রম ও সংগঠন কাঠামোর জন্য যথার্থ ছিল। লোকবলের ক্ষেত্রে প্রতিবেদনে মন্জুরীকৃত ১৫৮ টি পদ (মূল লোকবল ১৬৩ জনের স্থলে) কার্যক্রম পরিচালনায় যথোপযুক্ত বলে বিবেচিত হয়েছিল। তবে সরন্জাামাদি তালিকা যথার্থ ছিলনা। গবেষণা ও প্রশিক্ষণধর্মী একটি সংস্থার জন্য কতিপয় গুরুত্বপূর্ণ সরন্জাম যেমন ওভারহেড প্রজেক্টর (ওএইচপি), কম্পিউটার, মুভি ক্যামেরা, টেলিভিশন, ভিসিপি/ভিসিআর, আধুনিক টেলিফোন এক্সচেন্জ প্রভৃতির কোন উল্লেখ ছিলনা। বগুড়া শহর থেকে প্রায় ১০ মাইল দূরে অবস্থিত একটি প্রশিক্ষণধর্মী প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী আনা নেয়ার কাজে ব্যবহারযোগ্য ১টি মিনিবাসের তালিকাও টিওই-তে ঠাঁই পায়নি। অপরপক্ষে পকেট ক্যালকুলেটর, দেয়াল ঘড়ি ও টেপরেকর্ডারের মত গুরুত্বহীন (অর্থের মূল্যমানে) সরন্জামাদি টিওই-তে স্থান পেয়েছে, যেগুলোর আয়ুষ্কালও অত্যন্ত স্বল্প।

আরেকটি বিষয় উল্লেখ্য যে, একাডেমীর কার্যক্রম ও কলেবর অনুযায়ী শুধু যানবাহন সংখ্যার কমতি ছিল তাই নয়, বরন্চ ১টি মাত্র ফটোস্ট্যাট মেশিন এবং ১টি দেয়াল ঘড়ি বরাদ্দও সঠিক বলে অনুমিত হয়না।

## ৫.১ (খ) পরিবর্তিত পরিস্থিতি পর্যালোচনা

প্রথমেই উল্লেখ্য যে, ১৯৯০ সালে কার্যকর অধ্যাদেশ (যা ১৯৮৯ সালে জারীকৃত) অনুযায়ী দায়িত্ব ও কার্যক্রমের আওতা অনুসারে ৩০৪ টি পদ সম্পন্ন লোকবল কাঠামো উপযোগী হলেও এ যাবত কখনও বরাদ্দ লোকবল দ্বারা একাডেমীটি পূর্ণতা প্রাপ্ত হয়নি। বর্তমানে শতকরা ৩৯ ভাগ (আড়াই ভাগের মধ্যে দেড় ভাগ লোকবল আছে, এক ভাগ নেই) পদ

শূন্য রয়েছে, যা একাডেমীর কার্যক্রমে প্রত্যক্ষভাবে নেতিবাচক প্রভাব সৃষ্টি করছে । একাডেমীর মহা পরিচালক জানান যে, সরকারী নিষেধাজ্ঞার কারণে বহু শূন্য পদ পূরণ করা যাচ্ছে না ।

বিপুল সংখ্যক পদ শূন্যতা একাডেমীতে যে নেতিবাচক প্রভাব সৃষ্টি করছে তা বিশ্লেষণে দেখা যায় যে,

(১) বর্তমানে কর্মরতদের প্রতি বাড়তি কাজের চাপ, যা প্রকারান্তরে তাঁদের -

(ক) কাজের গুণগত মানের উপর নেতিবাচক প্রভাব ফেলে,

(খ) কাজের প্রতি অংগীকার ও মনোযোগ হ্রাস করে,

(২) বিশেষ পর্যায়ে জনবলের অভাবে সেই বিশেষ ক্ষেত্রের গবেষণা ও প্রশিক্ষণ ক্ষতিগ্রস্থ হচ্ছে । উদাহরণ স্বরূপ বলা যায়, মৎস্য ও পশুপালন সংক্রান্ত বিশেষজ্ঞ কর্মকর্তাদের অভাবে একাডেমীর অভ্যন্তরের পুকুরে মৎস্য চাষ, খামারের ডেইরী ইউনিটের কাজ ক্ষতিগ্রস্থ হচ্ছে ।

একাডেমীর কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করতে হলে এবং একে ফলপ্রসূ করে তুলতে হলে শূণ্য পদসমূহ আশু পূরণের উদ্যোগ গ্রহণ একান্তভাবে প্রয়োজনীয় । দ্বিতীয় যে বিষয়টি পর্যালোচনার দাবী রাখে তা হলো, অধ্যাদেশের ফলে দায়িত্ব ও কার্যক্রম বৃদ্ধি পেলো, লোকবলও বৃদ্ধি পেলো, কিন্তু এনাম কমিটির মন্জুরীকৃত টি ও ই -এর কোন পরিবর্তন ঘটলোনা । বিষয়টি একটি সংস্থার জন্য অসংগতিপূর্ণ সিদ্ধান্ত । যদিও একাডেমী বিভিন্ন প্রকল্পের নামে ক্রয়ের মাধ্যমে প্রয়োজনীয় সরন্জামাদি সংগ্রহ প্রায় সমাপ্ত করে ফেলেছে, কিন্তু সামগ্রিকভাবে সংগঠন ব্যবস্থাপনায় টি ও ই'র অনড় অবস্থান বৈসাদৃশ্য সৃষ্টি করেছে । অসংগতি পর্যালোচনায় প্রথমেই নজরে আসে যে, মন্ত্রণালয় ১৫ জন গাড়ীচালকের পদ মন্জুর করেছে, কিন্তু বিদ্যমান টি ও ই তে মাত্র ৪টি গাড়ীর অনুমোদন রয়েছে । অন্যান্য অনেক টেকনিক্যাল ক্ষেত্র সমূহের পদ সৃষ্টির সংগে টি ও ই তে অনুমোদিত সরন্জামের কোন সংগতি লক্ষ্য করা যায়না ।

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর ন্যায় বাংলাদেশে আরও অনেক সংস্থা/দপ্তর/ সংগঠন বর্তমানে এনাম কমিটি সৃষ্ট টি ও ই সময় ও প্রয়োজনের নিরীখে পরিবর্তন করতে না পারার ফলে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হচ্ছে ।

এনাম কমিটির সুপারিশ ও সরকার কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর প্রায় ১০ বছর অতিবাহিত হয়ে গেছে। পরিবর্তিত সময়ের পরিপ্রেক্ষিতে এখন বিভিন্ন সংস্থায় কার্যক্রমের পরিবর্তন ঘটে থাকাই স্বাভাবিক। সে সংগে উন্নত প্রযুক্তির আবির্ভাব ঘটেছে বিশেষ, এসেছে নতুন নতুন সরন্জাম, যা ১০ বছর আগে তেমন একটা সহজলভ্য ছিলনা। ফলে টি ও ই পরিবর্তন এখন প্রায় সবগুলো সংস্থার একটি সাধারণ দাবীতে পরিণত হয়েছে।

## ৫.২ সুপারিশ

এনাম কমিটি প্রতিবেদনের প্রায় ১০ বছর পরে প্রতিবেদনটির কার্যকারিতা বিশ্লেষণের মাধ্যমে নিম্নলিখিত সুপারিশসমূহ বিবেচনা করা যেতে পারে :

ক) বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীর সরন্জামাদি তালিকা(টিওই) পরিবর্তনে দ্রুত উপযোগী ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। বিশেষ করে যে সমস্ত টেকনিক্যাল পদ সৃষ্টি/মন্জুরী প্রদান করা হয়েছে, সে সমস্ত পদের ক্ষেত্রে প্রয়োজনীয় সরন্জামেরও মন্জুরী প্রদান করা দরকার। তা না হলে কর্মহীনভাবে বেশ কিছু কর্মকর্তা-কর্মচারীকে বেতন প্রদান করা হবে।

খ) সরন্জামাদি তালিকা (টিওই) মন্জুরীর ক্ষেত্রে প্রধানত: অধিক মূল্যবান ও স্থায়ী সরন্জাম সমূহ বিবেচনায় আনা প্রয়োজন। ক্ষণস্থায়ী ও কম মূল্যমানসম্পন্ন সামগ্রী টিওই তে অন্তর্ভুক্ত করা যৌক্তিক বিবেচিত হয়না।

গ) একাডেমীর শূন্য পদ সমূহ মন্ত্রণালয় ও একাডেমী কর্তৃপক্ষ কর্তৃক জরুরী ভিত্তিতে পূরণ করা প্রয়োজনীয়। তা না করা হলে বর্ধিত দায়িত্ব পালন ও সুচারুরূপে কর্তব্য সম্পাদন একাডেমীর পক্ষে সম্ভবপর হবেনা। সে ক্ষেত্রে একাডেমীর কার্যক্রম মূল্যায়ন করাও যৌক্তিক হবেনা। কেবলমাত্র লোকবলের পূর্ণ অবস্থাতেই একাডেমীর কার্যসম্পাদন মূল্যায়ন যথার্থ হবে।

ঘ) সরকার এমন একটি নীতি গ্রহণ করতে পারে যে, প্রতি ১০ বছর অন্তর সকল সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহের কার্যক্রম, লোকবল ও টি ও ই পর্যালোচনা করা যেতে পারে। তাহলে পরিবর্তিত পরিস্থিতিতে কার্যক্রম,

লোকবল ও টি ও ই'র মধ্যে সামঞ্জস্য বজায় থাকবে । অন্যথায় বিভিন্ন সংস্থায় লোকবল ও সরঞ্জামের বৈসাদৃশ্যের মধ্যে মূল্যবান কর্মসময়ের অপচয় ঘটতে পারে অথবা সংস্থাসমূহের কার্যক্রম বিঘ্নিত হতে পারে ।

## ৫.৩ উপসংহার

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীতে এনাম কমিটির প্রতিবেদনের ৬ বছর পরে কার্যক্রম ও লোকবলের পরিবর্ধন সাধিত হয়েছে । এর দ্বারা প্রতীয়মান হয় যে, যে কোন সংস্থার কার্যক্রমের গতিশীলতা, সৃজনশীলতা ও জাতীয় চাহিদা পূরণকল্পে সময়োপযোগিতার জন্য সংস্থার কার্যক্রম, কাঠামো, লোকবল ও সরঞ্জামাদি তালিকা পরিমার্জনের প্রয়োজনীয়তা দেখা দেয়া স্বাভাবিক । আর সে লক্ষ্য পূরণে সরকার কর্তৃক একটি নির্দিষ্ট সময়ের পরে এনাম কমিটির মত কমিটি গঠনপূর্বক সংস্থাসমূহের কার্যক্রম, কাঠামো লোকবল ও টি ও ই পরিমার্জনের স্থায়ী নীতি গ্রহণ করা আবশ্যক ।

## গ্রন্থপঞ্জিঃ


১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ গেজেট, (বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০) অতিরিক্ত সংখ্যা, ঢাকা, বাংলাদেশ সরকারী প্রেস, ২৮/৩/১৯৯০

২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ গেজেট, (বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী অধ্যাদেশ, ১৯৮৯) অতিরিক্ত সংখ্যা, ঢাকা বাংলাদেশ সরকারী প্রেস, ২৭/১২/১৯৮৯

৩. বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বার্ষিক প্রতিবেদন ১৯৮৬-৮৭, বগুড়া, ১৯৮৭

৪. বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বার্ষিক প্রতিবেদন ১৯৮৭-৮৮, বগুড়া, ১৯৮৮

৫. বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বার্ষিক প্রতিবেদন ১৯৮৮-৮৯, বগুড়া, ১৯৮৯

৬. বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বার্ষিক প্রতিবেদন ১৯৮৯-৯০, বগুড়া, ১৯৯০

৭. বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, বার্ষিক প্রতিবেদন ১৯৯০-৯১, বগুড়া, ১৯৯১

৮. Govt. of the People's Republic of Bangladesh, Report of the Martial Law Committee on Organizational Set-Up (Phase III), Vol-X, Part-2, Chapter - IV, Dhaka, January, 1984.

৯. Rural Development Academy, Bogra, An Introduction, RDA, Bogra, June, 1992.

পরিশিষ্ট

অংযুক্তি-১

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী অধ্যাদেশ, ১৯৮৯

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট [illegible]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন ও বিচার মন্ত্রণালয়**

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ১২ই ভাদ্র, ১৩৯৬/২৭শে আগস্ট, ১৯৮৯**

**নং ৪৪৭-পাব**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি [illegible] ৭ই ভাদ্র, ১৩৯৬/২২শে আগস্ট, ১৯৮৯ তারিখে প্রণীত এবং এতদসংগে সং[illegible] সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

## বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী অধ্যাদেশ, ১৯৮৯

**অধ্যাদেশ নং ৯, ১৯৮৯**

**বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকল্পে প্রণীত অধ্যাদেশ**

যেহেতু, বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

এবং যেহেতু, সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে ;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেনঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।**— (১) এই অধ্যাদেশ বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী অধ্যাদেশ, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই অধ্যাদেশ বলবৎ হইবে।



মূল্যঃ ৬০ পয়সা

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে,—

(ক) "একাডেমী" অর্থ এই অধ্যাদেশের অধীন প্রতিষ্ঠিত বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী ;

(খ) "প্রবিধান" অর্থ এই অধ্যাদেশের অধীন প্রণীত প্রবিধান ;

(গ) "বিধি" অর্থ এই অধ্যাদেশের অধীন প্রণীত বিধি ;

(ঘ) "বোর্ড" অর্থ একাডেমীর পরিচালনা বোর্ড ;

(ঙ) "মহা পরিচালক" অর্থ একাডেমীর মহা পরিচালক ;

(চ) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য ;

(ছ) "সভাপতি" অর্থ বোর্ডের সভাপতি।

৩। একাডেমী প্রতিষ্ঠা।— (১) এই অধ্যাদেশ বলবৎ হইবার সংগে সংগে এই অধ্যাদেশের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী নামে একটি একাডেমী প্রতিষ্ঠিত হইবে।

(২) একাডেমী একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন গাড়ীদহ নামক স্থানে একাডেমীর প্রধান কার্যালয় থাকিবে।

৪। সাধারণ পরিচালনা।— একাডেমীর পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং একাডেমী যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৫। বোর্ড।— (১) বোর্ড নিম্নরূপ সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—

(ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী ;

(খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের প্রতি-মন্ত্রী, উপ-মন্ত্রী, যদি থাকে ;

(গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা উক্ত মন্ত্রণালয় বা বিভাগের সচিবের দায়িত্ব পালনরত কোন কর্মকর্তা ;

(ঘ) কৃষি মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা ;

(ঙ) অর্থ বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা ;

(চ) স্থানীয় সরকার বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিবের পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা ;

(ছ) সংস্থাপন বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা ;

(জ) পরিকল্পনা কমিশনের পল্লী প্রতিষ্ঠান উইং এর দায়িত্বে নিয়োজিত সদস্য ;

(ঝ) রেকটর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ;

(ঞ) মহা পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ;

(ট) মহা পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা ;

(ঠ) কমিশনার, রাজশাহী বিভাগ ;

(ড) নিবন্ধক, সমবায় সমিতিসমূহ ;

(ঢ) পরিচালক, ইনষ্টিটিউট অব বাংলাদেশ ষ্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় ;

(ণ) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের কোন অনুষদের অধ্যাপক এর পদমর্যাদা সম্পন্ন কোন অনুষদের একজন সভাপতি ;

(ত) পরিচালক, জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান ;

(থ) সরকার কর্তৃক মনোনীত চারজন ব্যক্তি ;

(দ) একাডেমীর মহা পরিচালক।

(২) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা কোন মন্ত্রী না থাকিলে উহার প্রতি-মন্ত্রী বা ক্ষেত্রমত, উপ-মন্ত্রী বোর্ডের সভাপতি হইবেন।

(৩) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের প্রতি-মন্ত্রী বা উপ-মন্ত্রী, এবং প্রতি-মন্ত্রী বা উপ-মন্ত্রী কেহ না থাকিলে উক্ত মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা সচিব পদে নিয়োজিত ভারপ্রাপ্ত কর্মকর্তা বোর্ডের সহ-সভাপতি হইবেন।

(৪) উপ-ধারা (১) (থ) এর অধীন সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য, তাঁহার মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় তাঁহার মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৫) সভাপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৬। **গবেষণা এলাকা।**— একাডেমী খুলনা ও রাজশাহী বিভাগের অন্তর্ভুক্ত যে কোন এলাকা এবং সরকারের অনুমতি সাপেক্ষে, উহাদের এলাকা বহির্ভূত যে কোন এলাকাকে পল্লী উন্নয়ন গবেষণার জন্য ব্যবহার করিতে পারিবে।

৭। **একাডেমীর দায়িত্ব।**— একাডেমীর নিম্নরূপ দায়িত্ব থাকিবে, যথাঃ—

(ক) পল্লী উন্নয়ন সম্পর্কিত যে কোন বিষয়ে গবেষণা পরিচালনা করা ;

(খ) পল্লী উন্নয়ন কাজে নিয়োজিত সরকারী কর্মচারী ও অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান ;

(গ) পল্লী উন্নয়নের কৌশল ও ক্রিয়াপদ্ধতির উপর পরীক্ষা ও তথ্যানুসন্ধান করা ;

(ঘ) পল্লী উন্নয়ন সম্পর্কিত কর্মসূচী ও কার্যাবলীর মূল্যায়ণ করা ;

(ঙ) সরকার ও অন্যান্য সংস্থাকে পল্লী উন্নয়ন সম্পর্কে উপদেশ ও পরামর্শ দেওয়া ;

(চ) পল্লী উন্নয়ন ক্ষেত্রে উচ্চতর গবেষণায় নিয়োজিত দেশী ও বিদেশী ব্যক্তিগণের কার্যাবলী পরিচালনা ও তত্ত্বাবধান করা বা কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সহযোগিতা করা ;

(ছ) জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা ;

(জ) পল্লী উন্নয়ন ক্ষেত্রে নীতি নির্ধারণে সাহায্য করা ;

(ঝ) সরকারের অনুমোদনক্রমে বিদেশী বা আন্তর্জাতিক গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে পল্লী উন্নয়ন বিষয়ক যৌথ কর্মসূচী গ্রহণ করা ;

(ঞ) সরকারের অনুমোদনক্রমে পল্লী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা।

৮। **নির্দেশ প্রদানে সরকারের ক্ষমতা।**— এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার একাডেমীকে যে কোন নির্দেশ প্রদান করিতে পারিবে এবং একাডেমী উহা পালন করিতে বাধ্য থাকিবে।

৯। বোর্ডের সভা।— (১) বোর্ড প্রতি ছয় মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক স্থিরীকৃত হইবে।

(২) এই ধারার বিধান সাপেক্ষে, বোর্ডের সভার কার্যধারা প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৩) বোর্ডের সভার কোরামের জন্য উহার মোট সদস্য-সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) সভাপতি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে বোর্ডের সহ-সভাপতি সভাপতিত্ব করিবেন।

(৫) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূণ্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে একাডেমীর কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

১০। **সভাপতির বিশেষ ক্ষমতা।**— একাডেমীর স্বার্থে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে সভাপতি যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন এবং তৎসম্পর্কে বোর্ডকে অবিলম্বে অবহিত করিবেন।

১১। মহা পরিচালক।—(১) একাডেমীর একজন মহা পরিচালক থাকিবেন।

(২) মহা পরিচালক বোর্ডের সচিবও হইবেন।

(৩) মহা পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৪) মহা পরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে মহা পরিচালক দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নব নিযুক্ত মহা পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহা পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সভাপতি কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহা পরিচালকরূপে দায়িত্ব পালন করিবেন।

(৫) মহা পরিচালক একাডেমীর সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি—

(ক) বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(খ) বোর্ডের নির্দেশ মোতাবেক একাডেমীর অন্যান্য কার্য সম্পাদন করিবেন।

১২। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ। (১) সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশাবলী সাপেক্ষে, একাডেমী উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) একাডেমীর কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৩। **ঋণ গ্রহণের ক্ষমতা।** এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে একাডেমী সরকারের পূর্বানুমোদনক্রমে ঋণ গ্রহণ করিতে পারিবে।

১৪। **একাডেমীর তহবিল।**- (১) একাডেমীর একটি তহবিল থাকিবে এবং উহাতে—

(ক) সরকারের অনুদান;

(খ) স্থানীয় কর্তৃপক্ষের অনুদান;

(গ) একাডেমীর সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ;

(ঘ) সরকারের অনুমতিক্রমে কোন বিদেশী সরকার বা প্রতিষ্ঠান হইতে গৃহীত দান, সাহায্য বা মঞ্জুরী;

(ঙ) একাডেমী কর্তৃক প্রাপ্ত অন্য যে কোন অর্থ জমা হইবে।

(২) একাডেমীর তহবিল বোর্ডের অনুমোদনক্রমে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে জমা রাখা হইবে।

(৩) একাডেমী উহার দায়িত্ব পালনের প্রয়োজনে উহার তহবিল ব্যবহার করিতে পারিবে।

১৫। **বার্ষিক বাজেট বিবরণী।** একাডেমী প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ-বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ-বৎসরে সরকারের নিকট হইতে একাডেমীর কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

১৬। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা।**—(১) একাডেমী যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক বলিয়া উল্লিখিত, প্রতি বৎসরে একাডেমীর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও একাডেমীর নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্য মহা হিসাব-নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি একাডেমীর সকল রেকর্ড, দলিল, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং একাডেমীর মহা পরিচালক, অতিরিক্ত মহা পরিচালক, পরিচালক এবং একাডেমীর অন্য যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৭। **প্রতিবেদন।**—সরকার প্রয়োজন মত একাডেমীর নিকট হইতে একাডেমীর যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী আহবান করিতে পারিবে এবং একাডেমী উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

১৮। **ক্ষমতা অর্পণ।** বোর্ড উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে মহা পরিচালক বা একাডেমীর অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

১৯। **সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।**—এই অধ্যাদেশ, কোন বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাঁহার ক্ষতিগ্রস্ত হইবার

সম্ভাবনা থাকিলে তজ্জন্য বোর্ড, সভাপতি, সদস্য, মহা পরিচালক বা একাডেমীর অন্য কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

২০। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২১। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে একাডেমী, সরকারের পূর্ব অনুমোদনক্রমে, এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশ বা কোন বিধির সহিত অসামঞ্জস্য না হয়, এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২২। **পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর বিলোপ ইত্যাদি।**—(১) একাডেমী প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৯শে জুন, ১৯৭৩ তারিখের স্মারক নং [illegible], অতঃপর উক্ত স্মারক বলিয়া উল্লিখিত, বাতিল হইয়া যাইবে।

(২) উক্ত স্মারক বাতিল হইবার সংগে সংগে—

(ক) উক্ত স্মারকের অধীন গঠিত পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, অতঃপর উক্ত প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) উক্ত প্রতিষ্ঠানের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার একাডেমীতে হস্তান্তরিত হইবে এবং একাডেমী উহার অধিকারী হইবে;

(গ) বিলুপ্ত হইবার পূর্বে উক্ত প্রতিষ্ঠানের যে সকল ঋণ, দায় এবং দায়িত্ব ছিল তাহা একাডেমীর ঋণ, দায় এবং দায়িত্ব হইবে;

(ঘ) উক্ত প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারী একাডেমীতে বদলী হইবেন এবং তাঁহারা একাডেমী কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং এইরূপ বদলীর পূর্বে তাঁহারা যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, একাডেমী কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে তাঁহারা একাডেমীর চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

হুসেইন মুহম্মদ এরশাদ
রাষ্ট্রপতি।

ঢাকা,
৭ই ভাদ্র, ১৩৯৬ বাং
২২শে আগস্ট, ১৯৮৯ ইং

মুহাম্মদ আবুল বাশার ভূইয়া
উপ-সচিব।

মোঃ [illegible] রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
[illegible], ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১৫. ১১. ৯০). -৭- সংযুক্তি-২

লোকবল পুনঃপরীক্ষার নির্দেশ

১ম খন্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

উপ-রাষ্ট্রপতির সচিবালয়

আদেশ

ঢাকা, ৮ই কার্তিক ১৩৯৭/২৪শে অক্টোবর ১৯৯০

নং উরাস-সিপিসি-শাখা-৫/৯০-১০৯৩--রাষ্ট্রীয় কর্পোরেশনের সদর কার্যালয়ের লোকবলের বিবরণ হইতে দেখা যায় অনেকগুলি কর্পোরেশনে বর্তমান লোকবল এনাম কমিটির সুপারিশের ভিত্তিতে অনুমোদিত লোকবলের অপেক্ষা বেশী। অপরদিকে, কোন কোন সংস্থা তাহাদের কাজের পরিমাণের তুলনায় লোকবলের অপ্রতুলতার কথা জানাইয়া আসিতেছে। এনাম কমিটির মূল্যায়নের পর অতিক্রান্ত প্রায় ৮ বৎসরে কিছু কিছু কর্পোরেশনের কাজের পরিধি, ধরন ও গুরুত্বের অবস্থান্তর হইয়াছে।

২। এমতাবস্থায় সরকারের সিদ্ধান্তমতে বিভিন্ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের কার্যক্রমভিত্তিক লোকবলের প্রয়োজনীয়তা পুনঃপরীক্ষা করার উদ্দেশ্যে নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হইলঃ

চেয়ারম্যান

(১) জনাব মোঃ মোতাহার হোসেন, যুগ্ম-সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, সংস্থাপন মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) জনাব এনামুল হক চৌধুরী, সেক্রেটারী জেনারেল, কনকপ।

(৩) জনাব শামস-ই-তাবরিজ, উপ-সচিব, স্বায়ত্তশাসিত অনুবিভাগ, অর্থ বিভাগ।

সদস্য-সচিব

(৪) জনাব এ, কে, এম, দেলওয়ার হোসেন, সিনিয়র এসাইনমেন্ট অফিসার, সংগঠন ও ব্যবস্থাপনা অধি-শাখা, সংস্থাপন মন্ত্রণালয়।

৩। কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

(১) কমিটি প্রথম ধাপে বিসিআইসি, ওয়াসা, বিএসইসি, বি এস এফ আই সি, বি টি এম সি, বি এস টি আই, বিজেএমসি ও অগ্রণী ব্যাংক এবং ঢাকায় অবস্থিত আরো দুইটি অর্থাৎ মোট দশটি রাষ্ট্রীয় সংস্থার সদর কার্যালয়ের কার্যক্রমভিত্তিক লোকবলের প্রয়োজনীয়তা পরীক্ষা করিবে;

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২) কমিটি সংশ্লিষ্ট সংস্থার প্রধান কার্যালয় পরিদর্শন করিবে এবং কর্মকর্তা ও সেবা গ্রহণকারীদের সংগে আলোচনা করিবে এবং রেকর্ড ও দায়িত্বাবলী (charter of duties) পরীক্ষা করিবে;

(৩) কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যালয়ের কার্যপরিধি, উহার ধরণ এবং গুরুত্ব বিবেচনা করিয়া উহার জনবল ও আনুষাংগিক সরঞ্জামাদি ইত্যাদির প্রাধিকার সুপারিশ করিবে;

(৪) কোন সংস্থায় উদ্বৃত্ত জনবল থাকিলে কমিটি তাহাদের আত্মীকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করিবে;

(৫) কমিটি এই আদেশ জারীর তারিখ হইতে ৩০ দিনের মধ্যে মাননীয় উপ-রাষ্ট্রপতির সমীপে প্রতিবেদন দাখিল করিবে।

৪। সংস্থাপন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আই, ইউ, মালিক

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।

ও উক্ত পরিচালকমণ্ডলীর সভাপতি হিসাবে মনোনয়ন দান করিলেন।

এই আদেশ ১লা আগস্ট ১৯৯০ তারিখ হইতে কার্যকর হইবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

নং পিটি/শাখা-৫/১৩-৭/৮২ পার্ট-৬৫৩—জনাব মোহাম্মদ ইনামুল হক বিগত ১লা আগস্ট ১৯৯০ তারিখ হইতে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব হিসাবে যোগদানের প্রেক্ষিতে টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টংগীর আর্টিকেল অব এসোসিয়েশন-এর ১২(১) এবং ১২(৫) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনাব মোহাম্মদ ইনামুল হককে টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টংগী পরিচালকমণ্ডলীর অন্যতম পরিচালক ও উক্ত পরিচালকমণ্ডলীর সভাপতি হিসাবে মনোনয়ন দান করিলেন।

এই আদেশ ১লা আগস্ট ১৯৯০ তারিখ হইতে কার্যকর হইবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ খাদেমুল ইসলাম

উপ-সচিব।

-৩-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
শাখা-৫।

Rural Development Academy, Bogra
RECEIVED
No. 855
Date. ২৮/৩/৮৮

১০/১২/১৩৯৪ বাংলা
নং-পউসবি/শাখা-৫/আরডিএ-৪/৮৮(অংশ)/২২০(২) তারিখ ২৪/৩/১৯৮৮ ইং।

পদবী পরিবর্তন

বিষয় :- পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অনুষদ পর্যায়ে পদবীর নব নামকরণ প্রসংগে।

সূত্র :- পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পত্র নং-পউএ/বগ/২/১৫০৫ তাং ৮-১২-৯৪ বাংলা : ২৩-১-৮৮ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার নিম্নলিখিত বিদ্যমান পদগুলির বেতনস্কেল অপরিবর্তিত রাখিয়া প্রস্তাবিত নূতন নাম করণে সরকারী অনুমোদন জ্ঞাপন করিতেছে :-

| ক্রমিক নং- | বিদ্যমান পদবী | প্রস্তাবিত পদবী |
|---|---|---|
| ১। | পরিচালক | মহা-পরিচালক |
| ২। | অতিরিক্ত-পরিচালক | অতিরিক্ত মহা-পরিচালক |
| ৩। | উপ-পরিচালক | পরিচালক |
| ৪। | জ্যেষ্ঠ অনুদেষ্টা | অতিরিক্ত পরিচালক |
| ৫। | অনুদেষ্টা | যুগ্ম-পরিচালক |
| ৬। | সহযোগী অনুদেষ্টা | উপ-পরিচালক |
| ৭। | সহকারী অনুদেষ্টা | সহকারী পরিচালক। |

ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রহিয়াছে।

(এ, এম, নূর আহাম্মদ)
সহকারী সচিব।

বরাবর,
পরিচালক,
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

অবগতির জন্য :-
সচিব,
অর্থ বিভাগ,
অর্থ মন্ত্রণালয়।